লাইব্রেরী
৯১০
ডাক সংখ্যা 2.2.2
পরিগ্রহণ সংখ্যা
পত্রগ্রহণের তারিখ

# মধ্যভারত

## যাত্রা আরম্ভ

বছর দুই আগে একদিন এক হিন্দুস্থানী সন্ন্যাসীর শুভাগমন আমাদের বাড়ীতে হয়েছিল। আমার এক ছেলে সন্ন্যাসীকে জিজ্ঞাসা করেছিল "স্বামীজি, কোন্ কোন্ তীর্থ ভ্রমণ হয়েছে?" এই প্রশ্ন শুনে সন্ন্যাসী মহাশয় এক নিঃশ্বাসে ভারতবর্ষের উত্তর দক্ষিণ পূর্ব্ব পশ্চিমে যত বড় তীর্থ আছে, তার সকলগুলির নাম করেছিল। তার এই উক্তি সত্য কি না, পরীক্ষা করবার জন্য আমি জিজ্ঞাসা করেছিলাম "সাধু, অমরনাথ যেতে হ'লে কোন্ পথে যেতে হয়?" সন্ন্যাসী নিঃসঙ্কোচে আমাকে পথ দেখিয়ে দিয়েছিল—"অমরনাথ চন্দ্রনাথ তীরথকা এক শো মিল উত্তরমে—বড়া কঠিন তীরথ বাবা!" এর থেকেই সন্ন্যাসীজির ভ্রমণের দৌড় যে কতদূর, তা বুঝতে পেরেছিলাম! অনেক তীর্থ ভ্রমণ না করলে পাকা সাধু হওয়া যায় না,—সুতরাং 'সের-ভর আটা দেলায় দে রাম!'-ও হয় না।

এখন, আমি যদি বলি যে, এবারকার বড়দিনের সময়, পনর দিনের মধ্যে ভারতবর্ষের মধ্যপ্রদেশের প্রায় সমস্ত 'তীরথ' দর্শন করে এসেছি—আর সেই পনর দিনের মধ্যে পাঁচদিনই কেটেছিল ইন্দোর রাজধানীতে—তা হলে, হয় ত অনেকেই ব'লে বস্‌বেন "এঁরাও দেখ্‌ছি, 'সের-ভর আটা

দেলায় দে রামে'র দলে। চন্দননগর বেড়িয়ে এসে ত ভ্রমণ-কাহিনী লেখা হয় না, তাই উজ্জয়িনী, অজন্তা, এলোরা ইত্যাদি ইত্যাদি তীর্থের নাম করা হচ্চে।"

এই সকল পাঠকের কাছে নিবেদন এই যে, বিগত বড়দিনের সময় আমরা পনর দিনের মধ্যে সত্যসত্যই অনেক স্থান বেড়িয়ে এসেছি এবং তার সাক্ষ্য-সাবুদের যদি দরকার হয়, তা'ও দিতে পারি।

ব্যাপারটা হয়েছিল এই। বিগত বড়দিনের সময় মধ্যপ্রদেশের ইন্দোর রাজধানীতে প্রবাসী বঙ্গ-সাহিত্য-সম্মেলনের সপ্তম অধিবেশন হয়েছিল। এই অধিবেশনের চার পাঁচ মাস পূর্ব্বে অভ্যর্থনা-সমিতির সম্পাদক অধ্যাপক শ্রীযুক্ত প্রমথনাথ ভট্টাচার্য্য মহাশয় আমাকে এক পত্র লিখে জানালেন যে, তাঁদের এই অধিবেশনের সাহিত্য-শাখার সভাপতির পদ আমাকে গ্রহণ করতে হবে। তখন আমার শরীর বড়ই অসুস্থ ছিল। আমি সেই কথা নিবেদন ক'রে অব্যাহতি লাভের আরজী পেশ করেছিলাম। কিন্তু, আমার ইন্দোরের বন্ধুগণ সে আরজী নামঞ্জুর করলেন। তখন ভারতবর্ষের স্বত্বাধিকারী শ্রীমান হরিদাস ও সুধাংশু-শেখর চট্টোপাধ্যায় ভ্রাতৃদ্বয়ের পরামর্শ-অনুসারে ইন্দোরের সভাপতির পদ গ্রহণ করে সেখানে সম্মতিসূচক পত্র লিখলাম।

পদ ত গ্রহণ করলাম; যেন-তেন প্রকারে না হয় একটা অভিভাষণও লিখতে পারব; কিন্তু ইন্দোর ত বড় কম দূরের পথ নয়, আর পৌষ মাসের শীতও ভয়ঙ্কর। এ অবস্থায় একেলা এতটা পথ এই বৃদ্ধ বয়সে অতিক্রম করতে একটু দ্বিধা বোধ হোলো—শেষে কি নির্ব্বান্ধব পথে শীতেই জমাট হয়ে যাব। তখন এঁকে, ওঁকে, তাঁকে সঙ্গী হবার জন্য অনুরোধ করতে লাগলাম। ইন্দোরের অভ্যর্থনা-সমিতিও বাঙ্গলা দেশের অনেক সাহিত্যিককে নিমন্ত্রণ-পত্র পাঠালেন। প্রথম প্রথম দুই চার জন

।।মার সঙ্গী হ'বেন ব'লে আশ্বাস দিলেন; কিন্তু সময় যত এগিয়ে ।াস্‌তে লাগল, ততই সঙ্গীরা অদৃশ্য হ'তে লাগলেন; সুধু একজন টি঳ঁকে গলেন! তিনি আমার পরম স্নেহ-ভাজন, 'ওমার খৈয়ামে'র কবি শ্রীমান্ রেন্দ্র দেব। তাঁর মত কষ্ট-সহিষ্ণু, সেবাপরায়ণ, ভ্রাতৃবৎসল সঙ্গী য়েছিলাম ব'লেই পনর দিনের মধ্যে এত বেড়িয়ে আস্‌তে পেরেছিলাম। রা ঐ অঞ্চলে বেড়িয়ে এসেছেন, তাঁরা আমাদের ভ্রমণের কাহিনী শুনে সত্যসত্যই অবাক্ হয়ে গিয়েছেন, যে, এত অল্প সময়ের মধ্যে এমন সুদীর্ঘ পথ আমরা কেমন করে অতিবাহন করেছি—বিশেষতঃ আমার মত সত্তর বছর বয়সের রুগ্ন সঙ্গী নিয়ে!

গৌরচন্দ্রিকা এখানেই শেষ করা যাক্। ইন্দোর প্রবাসী-সাহিত্য-সম্মেলনের দিন স্থির হয়েছিল ২৬শে, ২৭শে ও ২৮শে ডিসেম্বর ১৯২৮। সেখানকার বন্ধুগণ আমাকে লিখেছিলেন, আমি যেন ২২শে ডিসেম্বর বোম্বাই মেলে কলিকাতা থেকে যাত্রা করি; তা হলে ২৪শে তারিখে পূর্ব্বাহ্ণ দশটার সময় ইন্দোরে পৌছিতে পারব। ২৪শে, ২৫শে দুই দিন এই দীর্ঘ ভ্রমণের পর বিশ্রাম করে ২৬শে থেকে সম্মেলনে যোগ দেব। আমরাও সেই প্রস্তাবই অনুমোদন ক'রে স্থির করলাম, ২২শে ডিসেম্বর শনিবার সন্ধ্যা সাতটা চৌত্রিশ মিনিটে হাবড়া থেকে যে বোম্বাই মেল ছাড়ে, তাতে উঠে সেই যে বিছানা পেতে শয়ন করব, আর পরের দিন রাত্রি দুইটার সময় খাণ্ডোয়া নেমে পাশের প্ল্যাটফরমেই ইন্দোর-গামী যে গাড়ী দাঁড়িয়ে থাক্‌বে, তাতে উঠে আবার লেপ চাপা দিয়ে শয়ন করব। বড়দিনের সময় এক ভাড়ায় যাতায়াত করা যায়; কিন্তু সকল রেলের কর্ত্তারাই এ অনুগ্রহ করেন না। জি-আই-পি রেলপথ এ অনুগ্রহ করেন নাই। ইষ্ট-ইণ্ডিয়া রেলপথের চেউকি ষ্টেসন থেকেই জি-আই-পি রেল আরম্ভ। পূর্ব্বে কিন্তু জব্বলপুর পর্য্যন্ত ই-আই-রেলের অধিকারভুক্ত ছিল;

লাম। ‘কুপে’ মাত্র দুইজনের স্থান থাকে, আমরাও দুইজন ; সুতরাং সে কামরাটী আমাদেরই সম্পূর্ণ দখলে হোলো। এ সুবিধার জন্য আমরা হরিদাস বাবুর কাছে ঋণী ! আর, শ্রীমান্ সুধাংশু ভায়ার কাছে একটি উপদেশের জন্য এইখানেই ঋণ স্বীকার করে রাখি। আমরা স্থির করেছিলাম, একটানা একেবারে ইন্দোরে যাব ; ওদিকের সব দেখাশুনা শেষ করে ফিরবার সময় জব্বলপুরে নেমে মার্ব্বল পাহাড় ও নর্ম্মদা-প্রপাত দেখে আসব। শ্রীমান্ সুধাংশুশেখর বলেছিলেন “দাদা, সে কিছুতেই হয়ে উঠবে না। অত ঘুরে আসতেই ক্লান্ত হয়ে পড়বেন ; আর জব্বলপুরে নামা সম্ভবপর হবে না, মার্ব্বল-পাহাড়ও দেখা হবে না। তার চাইতে যাওয়ার সময়ই ওটা সেরে যান।” আমাদের হাতেও সময় ছিল ; ২৪শে ইন্দোরে পৌঁছিবার কথা ছিল ; ২৫শে পৌঁছিলেও কাজের কোন ক্ষতি হবে না তাই, আমরা যাবার সময়ই জব্বলপুর নেমেছিলাম। শ্রীমান্ সুধাং উপদেশ গ্রহণ না করে যদি চলে যেতাম, তা হলে সত্যসত্যই ফেরবার সময় জব্বলপুর কেন স্বর্গপুরে যেতে বললেও আমরা সম্মত হতুম না— তখন ক্লান্ত দেহে, প্রায় শূন্য-পকেটে বাড়ীমুখো বাঙ্গালী !

বর্দ্ধমান ষ্টেসনে না পৌঁছান পর্য্যন্ত আমরা শয়ন করলাম না ; বর্দ্ধমান থেকে পরদিন প্রাতঃকালের চা-যোগের সঙ্গে সঙ্গে কিঞ্চিৎ মিষ্টান্ন যোগ করবার জন্য বর্দ্ধমানে কিছু মিহিদানা সংগ্রহ করার অভিপ্রায় ছিল বর্দ্ধমান থেকে গাড়ী ছাড়লেই শয়ন ও নিদ্রা। ভোর পাঁচটায় মোগল সরাইয়ে একবার একটু মাথা তুলেছিলাম মাত্র, তারপর পুনরায় নিদ্রা এ নিদ্রাভঙ্গ হোলো চেউকিতে গিয়ে। হাতমুখ ধুয়ে চা ও মিষ্টান্ন-যোগ করা গেল। নরেন্দ্র ভায়া পুনরায় শয়ন করলেন। এখান থেকেই জি-আই-পি রেলপথ আরম্ভ হোলো, শেষ হবে বোম্বাই গিয়ে সাটনা ষ্টেসনেই আমরা জব্বলপুর নামবার জন্য প্রস্তুত হলাম।

# জব্বলপুর

আড়াইটার সময় জব্বলপুর ষ্টেসনে বোম্বাই মেল থেকে নেমে পড়লাম। শ্রীযুক্ত হরিদাস বাবু ব'লে দিয়েছিলেন, আমরা জব্বলপুর ষ্টেসন থেকেই যেন একখানি ট্যাক্সি নিয়ে তেরো মাইল দূরে ভেড়াঘাট ডাক-বাংলায় গিয়ে উঠি। সেই ডাকবাংলার নীচেই মার্ব্বল পাহাড়। আমরা কিন্তু সে উপদেশ প্রতিপালন করি নাই। আমরা মনে করলাম, বড়দিনের সময় আমাদেরই মত অনেক লোক, অনেক সাহেব বিবি মার্ব্বল-পাহাড় দেখতে এসে থাকবেন। তাঁরা হয় ত ডাক-বাংলা দখল করে থাকবেন। আমরা সেই তেরো মাইল গিয়ে যদি সেখানে স্থান না পাই, তা হ'লে ভারি বিপন্ন হয়ে পড়ব; সেই ভয়ানক শীতের রাত্রিতে কোথায় আশ্রয় পাব। এই সব মনে ক'রে আমরা স্থির করেছিলাম, ষ্টেসনের কাছেই জব্বলপুরের প্রধান ধনী গোকুলদাসের যে ধর্ম্মশালা আছে, সেখানেই আশ্রয় নেবো এবং পরদিন খুব ভোরে উঠে মার্ব্বল পাহাড় ও নর্ম্মদা-জলপ্রপাত দেখে ফিরে আড়াইটার সময় আবার বোম্বাই মেল ধ'রে ইন্দোর যাব। ষ্টেসনে নেমে কুলীদের জিজ্ঞাসা করে জানতে পারলাম যে, ঐ ধর্ম্মশালা অতি নিকটে এবং সেখানে থাকবার বেশ সুবিধা হবে। ধর্ম্মশালায় গিয়ে দেখলাম, সে একটা রাজপ্রাসাদের মত সুন্দর জায়গা। চারিদিকে পুষ্পোদ্যান, মধ্যস্থলে প্রকাণ্ড দ্বিতল অট্টালিকা। আমরা দ্বিতলের একটা কক্ষ অধিকার করলাম। শোনা গেল, ধর্ম্মশালা-সংলগ্ন যে ভোজনাগার ছিল, তা উঠে গেছে, কারণ এখানে যারা আসে তারা নিজেরাই রেঁধে-বেড়ে খায়। আমরা সে ব্যবস্থা করতে অসমর্থ।

শ্রীমান নরেন্দ্র তখন আমাকে ধর্ম্মশালায় রেখে রাত্রির আহারের ব্যবস্থা এবং পরদিন ভোরে মার্ব্বল-পাহাড় দেখতে যাওয়ার যান-বাহনের বন্দোবস্ত করতে চলে গেলেন।

আমি একেলা ধর্ম্মশালার বারান্দায় দাঁড়িয়ে আছি; এমন সময় সুমুখের পথ দিয়ে দুইটী বাঙ্গালী যুবক সাইকেলে চড়ে যাচ্ছিল। আমাকে ধর্ম্মশালার বারান্দায় দেখে তারা তাদের সাইকেলের গতিবেগ যে কম করল, তা বেশ বুঝতে পারলাম। দুইজনে যেন কি কথা হোলো। তার পরই তারা যে দিকে যাচ্ছিল, সে দিকে না গিয়ে, সাইকেল ফিরিয়ে ধর্ম্ম-শালার প্রাঙ্গণে প্রবেশ করল এবং সিঁড়ি দিয়ে উপরে এসে দুইজনেই আমাকে নমস্কার করল। যে যুবকটী বয়সে বড়, সে আমাকে জিজ্ঞাসা করল "আপনার নাম কি জলধর বাবু?" আমি বল্‌লাম "ঐ নামই আমার বটে।" তখন সে তার সঙ্গীর দিকে চেয়ে বল্‌ল "কেমন, আমি ঠিক ধরিনি।" আমি বল্‌লাম "আমি কিন্তু আপনাকে চিন্‌তে পারছি নে।" যুবক হেসে ব'ল্‌ল "আপনি আমাকে কি ক'রে চিন্‌বেন; আমি আপনাকে চিনি।" তার সঙ্গের যুবকটী তখন বল্‌ল "আপনি কবে এখানে এসেছেন?" আমি বল্‌লাম "এই আধ ঘণ্টা হোলো এসেছি। এখানে ত কাউকে চিনি না; আর থাকাও এই রাতটা; কা'ল সকালেই মার্ব্বল-পাহাড় দেখে বোম্বাই মেলে ইন্দোরে যাব। আমার সঙ্গে একটী বন্ধু আছেন। তাঁর নাম শ্রীনরেন্দ্র দেব। তিনি সব ব্যবস্থা করবার জন্য এইমাত্র বেরিয়ে গেলেন।" ছোট ছেলেটি বল্‌ল "তা এখানে থাক্‌বেন কেন? আমাদের বাড়ীতে চলুন।" আমি বল্‌লাম "সে আর হয় না, একটা রাত বৈ ত নয়,—এখানেই কাটিয়ে দেব।" বড় যুবকটী বল্‌ল "আমার নাম শ্রীললিতমোহন ঘোষ। আমি নাগপুরে একাউন্‌টেণ্ট-জেনারেল আফিসে চাকরী করি। আমিও মার্ব্বল-পাহাড় দেখবার জন্য

এখানে এসেছি। এঁদের বাড়ীতেই আজ সকালে এসে উঠেছি। কা'ল মার্ব্বল-পাহাড় দেখে, কা'লই কলিকাতায় যাব।" সঙ্গী ছেলেটীকে দেখিয়ে বল্‌ল "ইনি এখানকার স্কুলের শিক্ষক শ্রীযুক্ত মণিমোহন চৌধুরীর ছেলে। এঁর নাম শ্রীঅবনীমোহন চৌধুরী।" অবনীমোহন বল্‌ল "আপনাদের কিছুতেই ছাড়ছিনে। বেশ, জিনিসপত্র এখানেই থাক; রাত্রিতে আমাদের বাসায় আহার করে এসে এখানে শুয়ে থাক্‌বেন।" আমি ভাবলাম, যে রকম গতিক দেখ্‌ছি, তাতে রাত্রিটা দোকানের পুরী খেয়েই কাটাতে হবে, নরেন্দ্র অন্য কোন উপায়ই করতে পারবে না। এ ক্ষেত্রে এমন নিমন্ত্রণ অস্বীকার করতে নেই। আমি বল্‌লাম "বেশ, তাই হবে। আপনারা একটু অপেক্ষা করুন, আমার সঙ্গী এখনই আস্‌বেন। তিনি কি বলেন শোনা দরকার।" অবনী বল্‌ল "আর শোনামেলা নয়। আমি বাড়ী চল্‌লাম।" ললিতকে উদ্দেশ করে বল্‌ল "তুমি থাক, নরেন্দ্র-বাবু এলে এঁদের নিয়ে আমাদের বাসায় যাবে। আমি আগে গিয়ে বাবাকে খবর দিই।" এই ব'লে ছেলেটী যেই সিঁড়ির দিকে যাবে, সেই সময় নরেন্দ্র এসে উপস্থিত। এসেই তাড়াতাড়ি বল্‌লেন, "দাদা, কা'ল সকালে মার্ব্বল-পাহাড় আর নর্ম্মদা-প্রপাত দেখ্‌তে গেলে ফিরে এসে বোম্বাই-মেল ধরা যাবে না। তাই আমি টঙ্গা নিয়ে এসেছি। এখনই যেতে হবে। টঙ্গাওয়ালা বলেছে, সে দেড় ঘণ্টায় ভেড়াঘাটে পৌঁছে দেবে। এখন তিনটে বেজেছে। সারে চারটায় পৌঁছিলে সূর্য্যাস্তের পূর্ব্বে খুব ভাল দেখা যাবে। আর বিলম্ব নয়, ঘরে চাবিবন্ধ করি।" আমি বল্‌লাম "তার পর রাত্রির আহার।" নরেন্দ্র বল্‌লেন "আজ বাজারের পুরী তরকারীই বিধাতা মাপিয়েছেন।" তার কথা শুনে ছেলে দুইটী হেসে উঠ্‌ল। আমি বল্‌লাম "আজ বিধাতা এখানকার মাষ্টার মশাই মণিমোহন চৌধুরীর বাড়ীতে আমাদের নিমন্ত্রণ করেছেন।" অবনীকে দেখিয়ে বল্‌লাম

"ইনিই মণিবাবুর ছেলে অবনীমোহন চৌধুরী।" নরেন্দ্র অবাক্। আমি তাঁকে সব কথা বল্‌লাম; বিধাতা যে আমাদের জন্য বিশেষ চিন্তিত ছিলেন এবং দুইটী জীবকে রাত্রির উপবাস থেকে রেহাই দিয়েছেন, সে কথাও বুঝিয়ে দিলাম। নরেন্দ্র বল্‌লেন "আমরা যে এখনই মার্ব্বল-পাহাড় দেখ্‌তে যাব।" অবনী বল্‌ল "সে পথও আমাদের বাড়ীর সুমুখ দিয়ে। চলুন, বাড়ীটা দেখিয়ে দেব; তারপর ফিরবার সময় আমাদের বাড়ীতে আহার করে এখানে এসে বিশ্রাম করবেন। ললিতবাবুও পাহাড় দেখ্‌তে এসেছেন; উনিও আপনাদের সঙ্গে গিয়ে আজই দেখে আসুন না।"

তাই ঠিক হোলো। আমি আর নরেন্দ্র টঙ্গায় উঠ্‌লাম। অবনী সাইকেল ছুটিয়ে আগে চ'লে গেল; ললিত আমাদের সঙ্গে সঙ্গে সাইকেল নিয়ে চল্‌ল।

মাইল খানেক গিয়েই মণিবাবুর বাসা। তিনি রাস্তায় এসে অভ্যর্থনা করলেন; চা পান করে বেরুতে বল্‌লেন। তা হোলে বিলম্ব হয়ে যাবে ব'লে আমরা আর অপেক্ষা করলাম না। মণিবাবু আমাকে বল্‌লেন "আমার একটু পরিচয় দেবার আছে। আমি বন্দীপুর স্কুলে আপনার ছোট ভাই শশধরবাবুর কাছে পড়েছি। সুতরাং আজ আমার গুরুসেবার সৌভাগ্য হোলো।" ভাল কথা!

আর বিলম্ব না ক'রে আমরা বেরিয়ে পড়লাম। টঙ্গাওয়ালা যা বলেছিল, তাই করল। ঠিক সাড়ে চারটায় আমাদের গাড়ী ভেড়াঘাটে পৌঁছিল। পথের মধ্যে দুইটী দ্রষ্টব্য স্থানের উল্লেখ টঙ্গাওয়ালা করেছিল—একটি চৌষট্টি যোগিনী, আর একটী ইতিহাস-প্রসিদ্ধা রাণী দুর্গাবতীর মদন-মহল। কিন্তু, ঐ দুইটী তখন দেখ্‌তে গেলে আর মার্ব্বল-পাহাড় সে দিন দেখা হয় না। তাই দূর থেকেই অভিবাদন করে আমাদের দর্শন-বাসনা সংবরণ্ করতে হোলো।

মার্ব্বল-পাহাড় দেখ্‌তে গেলে নৌকা ভাড়া করে যেতে হয়। ওখানকার জেলা-বোর্ড দর্শকদের জন্য দুইখানি বোটের ব্যবস্থা করে রেখেছেন। প্রত্যেক বোটের ভাড়া এক টাকা দশ আনা। এর জন্য একটা আফিস আছে। আমরা সেই আফিসে গিয়ে টাকা জমা দিয়ে রসিদ নিয়ে প্রায় পঞ্চাশ ষাটটা সিঁড়ি নেমে জলের কিনারায় গেলাম। সেখান থেকে বোটে উঠে মার্ব্বল-পাহাড়ের মধ্যে প্রবেশ করলাম। নর্ম্মদার একটী ক্ষুদ্র শাখার দুই পার্শ্বে মার্ব্বল-পাহাড়। জলও খুব গভীর। এই শাখা নদীটা একটা খালের মত। কোন স্থানে দশ হাত, কোন স্থানে পনর কুড়ি হাত প্রশস্ত। দুই দিকে নানা রংয়ের মার্ব্বল পাহাড় মাথা উঁচু করে আকাশের দিকে চেয়ে ধ্যানমগ্ন হয়ে আছে। সে যে কি দৃশ্য, তা আমি বর্ণনা করতে পারব না—শুধু বলতে পারি এ দৃশ্য পরম রমণীয়—এ দৃশ্য অপূর্ব্ব! এমন আর কখন দেখিনি। আমার সঙ্গী কবি নরেন্দ্র দেব এবং যুবক ললিত-মোহন একেবারে তন্ময় হয়ে গেলেন; তাঁরা সুধু বলেন—কি সুন্দর! আমি এইমাত্র বল্‌তে পারি, যাঁরা জব্বলপুরের এই মার্ব্বল-পাহাড় দেখেন নাই, তাঁদের একটা দেখবার মত জিনিস দেখা হয়নি। ভাষায় এ পাহাড়ের সৌন্দর্য্য ব্যক্ত করা যায় না—কবির ভাষায় বল্‌তে হয়—

Gaze and wonder and adore.

যিনি এই অতুল সৌন্দর্য্যের আধার মার্ব্বল-পাহাড় দেখ্‌তে চান, আমি তাঁর সঙ্গী হয়ে দেখিয়ে আন্‌তে পারি, কিন্তু সে দৃশ্যের বর্ণনা করা আমার সাধ্যাতীত।

সন্ধ্যার অন্ধকার যখন নেমে আস্‌তে লাগল, তখন আমাদের তরী ঘাটে এল—তার আগে কেবলই কবির এই কয় লাইন মনে আস্‌ছিল—

"চৌদিকে রাঙ্গা মেঘ করে খেলা,
তরণী বেয়ে চল নাহি বেলা।"

সন্ধ্যার সময় ভেড়াঘাটে নেমে সিঁড়ি ভেঙ্গে আর উঠতে পারিনে সেই কোন্ ভোরে একটা ষ্টেসনে চা খাওয়া হয়েছিল; তার পর বেলা দশটায় দুটো নামমাত্র আধপেট ভাত খেয়েছিলাম—আর এখন সন্ধ্যা ছয়টা; এর মধ্যে জলবিন্দুও পেটে পড়েনি—শরীরের অপরাধ কি? ধীরে ধীরে অতি কষ্টে সিঁড়ি ভেঙ্গে উপরে উঠে ডাক-বাংলার দিকে গেলাম। রাস্তায় কিন্তু মনে হয়েছিল সেখানে এক পেয়ালা চা-ও মিল্‌বে না, এক-পাল শ্বেতাঙ্গ নরনারী হুঙ্কার দিয়ে উঠ্‌বে। কিন্তু ডাক-বাংলায় গিয়ে দেখি জন-প্রাণীও নেই। অনেক ডাকাডাকির পর খানসামা এল। লোকটা বড় ভাল। আমরা ক্ষুধার্ত্ত শুনে বল্‌ল, সে তখনই চা, বিস্কুট আর ডিম-সিদ্ধ তৈরি করে দিতে পারে; তার ভাণ্ডারে আর কিছু নেই; সহর থেকে এই সন্ধ্যাবেলা আনিয়ে নেওয়াও অসম্ভব। যা আছে তারই অর্ডার দিয়ে আমরা ডাক-বাংলার বারান্দায় ইজি-চেয়ারে শুয়ে পড়লাম। সেখান থেকে মার্ব্বল-পাহাড়ের দৃশ্য আরও সুন্দর। কিন্তু রাত্রি বেড়ে আস্‌তে লাগ্‌ল—দৃশ্যও অদৃশ্য হতে লাগ্‌ল। এ দিকে তখনও নর্ম্মদা জল-প্রপাত দেখা হয় নাই।

পাঁচ মিনিটের মধ্যেই চা, বিস্কুট ও ডিম-সিদ্ধ এসে হাজির হোলো। আমি তিন পেয়ালা চা ও এক ডজন বিস্কুট খেয়ে ফেল্‌লাম। সঙ্গীদ্বয় চা ও বিস্কুটের সঙ্গে দশ বারোটা ডিম দেখতে দেখতে উদরস্থ করলেন; আমি ডিম খাই না—আমার ভাগটা এঁরা দুজনে বেটে নিলেন।

নর্ম্মদা জল-প্রপাত সেখান থেকে তিন মাইল দূরে। সেদিন কি তিথি বল্‌তে পারি না, তবে অন্ধকার তত গাঢ় ছিল না। একজন পথি-প্রদর্শক সঙ্গে নিয়ে সেই ধূলিময়, প্রস্তরখচিত পথে অতি সন্তর্পণে চল্‌তে লাগলাম। নর্ম্মদার তীরে গিয়েও প্রায় আধ মাইলের উপর পাথর ভেঙ্গে প্রপাতের কাছে গেলাম! তেমন শোভা কিছুই নেই। শীতকাল, জল বেশী নেই,

কাজেই প্রপাতেরও তেমন জোর নেই, সামান্য একটু উপর থেকে ঝর ঝর করে জল পড়ছে। এই তিন মাইল হেঁটে আসার মজুরী পোষালো না।

সেখান থেকে ফিরে যখন টঙ্গার কাছে এলাম, তখন রাত্রি সাড়ে আটটা। মণিবাবু বারবার ক'রে ব'লে দিয়েছিলেন আটটার মধ্যে যেন ফিরি। বড়ই বিলম্ব হয়ে গেল, উপায় নেই। মণিবাবুর বাড়ী যখন পৌছিলাম, তখন রাত্রি দশটা বেজে গেছে। আহারাদি শেষ করে গৃহস্বামীকে ধন্যবাদ দিয়ে প্রায় সাড়ে এগারটায় ধর্ম্মশালায় ফিরে এলাম। টঙ্গাওয়ালাকে বলে দেওয়া হোলো, সে যেন প্রাতঃকালে আটটার সময় আসে; আমরা গোয়াড়ি-ঘাটে নর্ম্মদায় স্নান করতে যাব। গোয়াড়ি ঘাট সহর থেকে পাঁচ মাইল। এখানেই যাত্রীরা স্নান পূজা তর্পণাদি করে।

রাত্রিটা বেশ কাটল। সকালে উঠে সন্ধান নিয়ে জান্‌তে পারা গেল যে, এখানে বারণ-কোম্পানীর বাঙ্গালী-বাবুদের একটা হোটেল আছে; সেখানে মধ্যাহ্ন-আহারের ব্যবস্থা হতে পারে। যথাসময়ে টঙ্গাওয়ালা হাজির। আমরা কাপড় গামছা নিয়ে বেরিয়ে পড়লাম। টঙ্গাওয়ালাকে ব'লে দেওয়া হোলো, আগে যেন বারণ-কোম্পানীর বাঙ্গালী-বাবুদের বাসায় যায়। সেখানে আহারের ব্যবস্থা ঠিক করে স্নানে যাওয়া যাবে। টঙ্গাওয়ালা বারণ কোম্পানী পর্য্যন্ত বুঝেছিল। সে প্রায় তিন মাইলের উপর টঙ্গা চালিয়ে বারণ কোম্পানীর কারখানায় গিয়ে হাজির। জিজ্ঞাসা করে জানা গেল, বাঙ্গালী বাবুরা সেখানে থাকেন না, সহরে ষ্টেসনের নিকট ধর্ম্মশালার কাছে তাঁদের বাসা, অর্থাৎ আমরা যে ধর্ম্মশালায় আছি, তারই নিকটে কোথাও তাঁরা থাকেন। বোঝা গেল, বিধাতা বিগত রাত্রের অপ্রত্যাশিত নিমন্ত্রণের শোধ এ বেলা নেবেন। যাক্, নর্ম্মদায় স্নান করে ত আগে পুণ্য সঞ্চয় করা যাক্, তার পর বিধাতার সঙ্গে বোঝাপড়া করা যাবে।

নর্ম্মদার তীরে গিয়ে স্নানাদি শেষ করতে প্রায় এগারটা বেজে গেল। তার পর তাড়াতাড়ি টঙ্গা চালিয়ে সহরে এসে বারণ কোম্পানীর বাঙ্গালী বাবুদের আড্ডার খোঁজে যাওয়া গেল। আড্ডা পাওয়া গেল, কিন্তু শোনা গেল, তাঁরা হোটেল তুলে দিয়েছেন। তখন ধর্ম্মশালার দুয়ারে আমাকে নামিয়ে দিয়ে নরেন্দ্র পুরী তরকারী কিন্‌তে গেলেন।

আমি ধর্ম্মশালার সিঁড়িতে উঠ্‌তেই দেখি অবনী ও আর একটী ছেলে সিঁড়িতে বসে আছে। কি ব্যাপার! অবনী বল্‌ল, তারা সেই বেলা সাড়ে আটটা থেকে আমাদের অপেক্ষায় বসে আছে। তার এই সঙ্গীটী এখানকার উকিল শ্রীযুক্ত বিবেকরঞ্জন সেন এম-এ, বি-এস্‌সি, এল-এল-ডি মহাশয়ের ভ্রাতা। আমাদের এ-বেলা তাঁর বাড়ীতে আহার করতে হবে। সেখানে সমস্ত প্রস্তুত। আমরা দুইটার মেলে যাব বলে তিনি এগারটার মধ্যেই সব ঠিক করে রেখেছেন। ক্রমাগত লোক পাঠাচ্ছেন। ভাল কথা—বিধাতা তা হ'লে আজও প্রচুর ব্যবস্থা করেছেন। নরেন্দ্র ষ্টেসনের কাছে খাবারের দোকানে পুরী কিন্‌তে গিয়েছে শুনে অবনী ষ্টেসনের দিকে দৌড়িল এবং অনতিবিলম্বে নরেন্দ্রকে পাকড়াও করে নিয়ে এল।

তখন বারটা বেজে গেছে। আমাদের সেই টঙ্গাওয়ালাকেই নিয়ে সম্পূর্ণ অপরিচিত বিবেকরঞ্জন বাবুর বাড়ী নিমন্ত্রণ খেতে গেলাম। বিবেক বাবুর বয়স এই পঁয়ত্রিশ ছত্রিশ হবে। জুনিয়ার উকিল হ'লেও পসার যে হয়েছে, তা তাঁর ঘর দ্বার, আসবাবপত্র ও আহারের প্রচুর অপেক্ষাও প্রচুর আয়োজন দেখেই বুঝতে পারা গেল। মোটামুটি ভদ্রতা-সঙ্গত কথাবার্ত্তা ব'লেই আমরা আহার করতে গেলাম, কারণ সময় অতি অল্প—আড়াইটায় ট্রেণ।

আহার করতে বসলাম। বিবেকবাবুর স্ত্রীই পরিবেশন করতে লাগলেন। নানা রকমের সুখাদ্য। আমি আহার করতে করতে বিবেক

াবুকে জিজ্ঞাসা করলাম "আচ্ছা বিবেক বাবু, আপনারা কি বৈদ্য ?" তনি বল্লেন "না, আমরা বৈদ্য নহি, আমরা কায়স্থ।" "কায়স্থ! মাপনাদের বাড়ী কোথায় ?" "হুগলী জেলায় কুমীরমোড়া।" আমি ্কেবারে লাফিয়ে উঠলাম—"আরে, কুমীরমোড়ার সেনেরা যে আমার গাতি। আপনি রাজেন্দ্র বাবুকে চেনেন ? সত্যরঞ্জন বাবুকে চেনেন ?" বেক বাবু বল্লেন "রাজেন্দ্রবাবু আমার কাকাবাবু, সত্যরঞ্জন আমার জ্যাঠামশাইয়ের ছেলে।" তখন আর কি—পরিচয় হয়ে গেল ; আমি বেকরঞ্জনের জ্যেঠামশাই। বিবেকের স্ত্রী এসে বল্লেন "আমরা যে াহিত্যিক ভোজন করাতে বসেছিলাম, জ্যেঠামশাইকে ত নিমন্ত্রণ করি াই। পরিচয় যখন হোলো, তখন জ্যেঠামহাশয়কে না খাইয়ে ত ছাড়তে ারিনে।" কি করি, ফিরবার সময় যদি পারি, তা হলে নামব, বল্লাম। াহিত্যিক হিসাবে নিমন্ত্রণ খেতে গিয়েছিলাম এক সম্পূর্ণ অপরিচিত াঙ্গালী যুবকের বাড়ী ; শেষে কি না ফিরতে হোলো জ্যাঠামশাই হয়ে! রই নাম ভাগ্য !

প্রায় দেড়টার সময় এই নবপরিচিত অথচ নিকট জ্ঞাতি ভ্রাতুষ্পুত্র ও বধূমাতাকে আশীর্ব্বাদ করে তাড়াতাড়ি ধর্ম্মশালায় ফিরে এলাম এবং বছানাপত্র বেঁধে নিয়ে ষ্টেসনে হাজির। ষ্টেসনে দেখা হোলো কাশী-হিন্দু- বশ্ববিদ্যালয়ের অধ্যাপক বন্ধুবর শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয়ের ়ঙ্গে। তিনিও ইন্দোর যাচ্ছেন ; প্রাতঃকালের গাড়ীতে এসে এখানে ্ক বন্ধুর গৃহে উঠেছিলেন।

যথা-সময়ের আধঘণ্টা পরে মেল গাড়ী এলো। বিজ্ঞান বিভাগের ভাপতি প্রসিদ্ধ অধ্যাপক শ্রীযুক্ত মেঘনাদ সাহা মহাশয় একটা দ্বিতীয় শ্রেণীর কক্ষে ছিলেন। তাঁর আহ্বানে সেই কক্ষেই আমরা স্থান গ্রহণ ্রলাম। সেইখানেই একজন ইন্দোরগামী সাহিত্যিকের কাছে শুনলাম,

ESTD.

# ইন্দোর

ইন্দোরে গিয়েছিলাম প্রবাসী সাহিত্য-সম্মেলনের সপ্তম অধিবেশনে যোগ দিতে; সেই জন্য আগে সেই সাহিত্য-সম্মেলনের কথা বলাই কর্ত্তব্য; তারপর ইন্দোর রাজ্যের ইতিহাস। সে ইতিহাসও যেমন-তেমন নয়—ভারতবর্ষের একটী বরেণ্য রাজ্যের ইতিহাস,—যে রাজ্য প্রাতঃস্মরণীয়া মহারাণী অহল্যা বাঈয়ের অতুলনীয় কীর্ত্তি-কাহিনীতে সমুজ্জ্বল—যে রাজ্যের নরনারী এখনও পরম ভক্তিভরে মহারাণী অহল্যা বাঈয়ের নাম স্মরণ করে থাকে। সে কথা যথাস্থানে বলতে চেষ্টা করব। এখন সম্মেলনের কথা বলি।

২৫শে ডিসেম্বর মঙ্গলবার ইন্দোর ষ্টেশনে যখন গাড়ী পৌঁছিল, তখন বেলা দশটা। মাঝের একটা ষ্টেসনে আমরা চা-যোগ শেষ করে নিয়েছিলাম। আমাদের সঙ্গী কাশী হিন্দু-বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বন্ধুবর শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য পূর্ব্বে এ অঞ্চলে অনেকবার এসেছিলেন। তিনি আমাদের ব'লে দিয়ে গেলেন যে, আমরা যেন গাড়ীর বাম দিকের দৃশ্যের দিকে দৃষ্টি রাখি, কারণ ইন্দোর রেলপথের এই দৃশ্য পরম রমণীয়। সত্যই তাই। রেলের রাস্তা সমতল ভূমি থেকে এত উচ্চ যে, নীচের দিকে চাইলে ভয় হয়—গাড়ী যদি একবার লাইন-চ্যুত হয়, তা হ'লে অনেক দূর নীচের খদে পড়ে আর খোঁজ-খবর মিলবে না, একেবারে সব শুদ্ধ বিসর্জ্জন হয়ে যাবে। এই ত সামান্য দূর পথ, ইহারই মধ্যে চারিটা টানেল;—পাহাড় কেটে পথ তৈরী করতে হয়েছে। এই আলোর বিকাশ, আর দেখ্‌তে দেখ্‌তে সব অন্ধকার। সুড়ঙ্গগুলো খুব দীর্ঘ নয়।

যাঁরা বোম্বাই থেকে পুনায় গিয়েছেন,তাঁদের মুখে শুনেছি যে সে পথে চব্বিশ পঁচিশটা এই রকম সুড়ঙ্গ আছে। সুপ্রসিদ্ধ মাও সহর পার হয়ে একটা জল-প্রপাতও দেখতে পাওয়া গেল। মাও ষ্টেসনে পৌছিবার পূর্ব্বে দূর থেকে সহরটী দেখে আমার মনে হয়েছিল ঐ বুঝি ইন্দোর রাজধানী। সুরেন্দ্রবাবু সে ভ্রম সংশোধন করেছিলেন। তবে এ কথা বলতে পারি, মাও সহরে এত কল-কারখানা, এত বড় বড় অট্টালিকা, এমন সুন্দর প্রশস্ত রাজপথ যে, নবাগতের পক্ষে এ সহরটীকে ইন্দোর ব'লে ভ্রম করা আশ্চর্য্যের বিষয় নয়।

ইন্দোর ষ্টেসনে আমাদের জন্য একদল স্বেচ্ছাসেবক অপেক্ষা করছিলেন। তাঁরা সংখ্যায় কুড়ি পঁচিশ জন হবেন; তাঁদের মধ্যে তিন চার জন মাত্র বাঙ্গালী যুবক,—ইন্দোরের মেডিকেল স্কুলের ছাত্র; আর সবাই মারাঠী। আর উপস্থিত ছিলেন আমারই স্বগ্রামবাসী, গ্রামসম্পর্কে দৌহিত্র ইন্দোর কলেজের ইতিহাসের অধ্যাপক শ্রীমান্ শৈলেন্দ্রনাথ ধর এম-এ এবং এখানকার মেডিকেল কলেজের অধ্যাপক শ্রীমান রুদ্রেন্দ্র-কুমার পাল এম-এস্‌সি, এম-বি। তাঁরা আমাদের পরম সমাদরে অভ্যর্থনা করলেন; স্বেচ্ছাসেবকরা আমাদের বাক্স বিছানা নিয়ে উধাও হয়ে গেল। আমরা ষ্টেসনের বিশ্রামাগারে গেলাম। সেখান থেকে টঙ্গায় আরোহী হয়ে সহরে প্রবেশ করা গেল। তাঁদের কাছেই শুনলাম, আমাদের যেতে হবে মহারাজা শিবাজি রাও হাইস্কুলে। সেখানেই সকলের বাসস্থান নির্দ্দিষ্ট হয়েছে; আর সেই স্কুলের প্রকাণ্ড হলেই সম্মেলনের অধিবেশন হবে; আমাদের আর হাঁটাহাঁটি করতে হবে না। মহিলা-প্রতিনিধিরাও এই বিদ্যালয়ের এক অংশে থাকবেন; শিল্প-প্রদর্শনীও এই বিদ্যালয়ের কক্ষান্তরে বসবে। মূল সভাপতি এলাহাবাদ হাইকোর্টের মাননীয় বিচারপতি শ্রীযুক্ত লালগোপাল মুখোপাধ্যায় মহাশয় ইন্দোর রাজ্যের

স্থির হয়েছিলো। আমাদের টঙ্গা যখন স্কুলের গেটের ভিতরে গেল, তখন দেখলাম, গেট থেকে স্কুলের অট্টালিকা পর্য্যন্ত পত্র-পুষ্প-পতাকায় সুসজ্জিত হচ্ছে। আমরা মনে করেছিলাম, স্কুলের বাড়ী—সে আর এমন কি বড় একটা ইমারত; কিন্তু স্কুলের গাড়ী-বারাণ্ডায় যখন আমাদের টঙ্গা পৌঁছিল, তখন চেয়ে দেখি, এ ত স্কুল নয়, এ একটা প্রকাণ্ড রাজপ্রাসাদ। আমাদের দেশের বড় বড় নামজাদা কলেজের বাড়ীও এর কাছে নগণ্য। এটাকে স্কুল না বলে,মহারাজ তুকাজী রাও হোলকারের বিশ্রামভবন বললেও অত্যুক্তি হয় না। প্রকাণ্ড দ্বিতল অট্টালিকা নানা কারুকার্য্য-ভূষিত; চারিদিকে প্রশস্ত প্রাঙ্গণ; কক্ষগুলি সুবিস্তৃত। ইন্দোরের যে কয়জন প্রবাসী বাঙ্গালী আছেন, সকলেই সেখানে উপস্থিত; তাঁরা আমাদের সকলকেই পরম সমাদরে অভ্যর্থনা করলেন। সে-দিনের গাড়ীতে আমরা প্রায় ত্রিশজন প্রতিনিধি উপস্থিত হয়েছিলাম। কেদারদাদা প্রমুখ সকলেই দ্বিতলে বড় বড় কক্ষ অধিকার করে বস্‌লেন। অত সিঁড়ি ওঠা নামা আমার পক্ষে কষ্টকর হবে বলে, সমিতির অধিবেশন হলের পার্শ্বেই একটী সুপ্রশস্ত কক্ষে নরেন্দ্রের ও আমার বাসস্থান নির্দ্দিষ্ট হলো। অভ্যর্থনা সমিতি এই কক্ষে আটজন প্রতিনিধির অবস্থানের ব্যবস্থা করে রেখেছিলেন। এ ব্যবস্থা উল্টে গেল; আমরা দুইজনেই সেই ঘর দখল করলাম। কয়েকখানা চারপাই, চেয়ার, বেঞ্চ, টেবিল প্রভৃতি দিয়ে ঘর সাজান হয়ে গেল; আমরা চারিদিনের জন্য সেই গৃহে গৃহস্থালী গুছিয়ে নিলাম। বলা বাহুল্য এ গোচগাছের মধ্যে আমি ছিলাম না। শ্রীমান্ নরেন্দ্র পাকা ওস্তাদের মত যেখানে যা করতে হয় করে ফেললেন; আর দণ্ডে দশবার আমার খবরদারী করতে লাগলেন—আমি একেবারে তাঁর নাবালক ছোট ভাই হয়ে গেলাম। তার পর চা ও মিষ্টান্ন-যোগ—তার আর দফাওয়ারী বিবরণ দিয়ে পাঠকদিগকে লুব্ধ করবো না।

স্নানাহার শেষ করতে বেলা একটা বেজে গেল। আহার কিন্তু নিরামিষ; তা হলেও অভ্যর্থনা-সমিতির সদস্যগণের, বিশেষতঃ প্রতিনিধি-নিবাস বিভাগের সম্পাদক বৃদ্ধ দাদা নীলমাধব চট্টোপাধ্যায় ও পাকশালা বিভাগের সম্পাদক শ্রীযুত মোহিতমোহন চট্টোপাধ্যায় মহাশয়দ্বয় যে প্রকার মিষ্ট বচন পরিবেশন করলেন, তাতেই আমাদের পেট ভরে গেল। আর স্বেচ্ছাসেবক বিভাগের সম্পাদক শ্রীমান রুদ্রেন্দ্রকুমার এবং সাধারণ বিভাগের সম্পাদক শ্রীমান শৈলেন্দ্রনাথ সর্ব্বক্ষণ হাজির। কার্য্যাধ্যক্ষ শ্রীযুক্ত প্রমথনাথ ভট্টাচার্য্য মহাশয় শুনলাম আজ কয়দিন থেকে বাড়ী ঘরদুয়োর ছেড়ে এই সম্মেলনের সাফল্যকল্পে আত্মনিয়োগ করে বসে আছেন। এতগুলি সহৃদয় সাহিত্যসেবক, প্রবাসী বাঙ্গালীর প্রাণপণ চেষ্টায় এই সম্মেলন যে সর্ব্বপ্রকারে সাফল্য-মণ্ডিত হয়েছিলো, সে কথা না বল্‌লেও চলে।

আমাদের আহারাদি শেষ হওয়ার পর, শ্রীমান্ শৈলেন্দ্র বল্লেন—"দাদাবাবু, যত কষ্টই হয়ে থাকুক পথে, এখন আর বিশ্রাম করতে পাচ্ছেন না। এখনই লালবাগে মহারাজের প্রাসাদ দেখতে যেতে হবে। বিনা পাশে কেহই সে প্রাসাদ দেখতে পান না। আমি পূর্ব্বাহ্নেই দশজনের পাশ নিয়ে রেখেছি। আজই দুটো থেকে চারটার মধ্যে প্রাসাদ দেখা শেষ করতে হবে।" তখন আর কি করা যায়! পথশ্রমের অবসাদ আর আমাদের ঠেকিয়ে রাখতে পারল না। আমি, নরেন আরও পাঁচ সাত জন লালবাগের রাজপ্রাসাদ দেখতে তখনই বের হয়ে পড়লাম।

এই লালবাগ প্রাসাদ সহর হতে তিন মাইল দূরে। যান সেই সনাতন। পশ্চিমের একা আর দক্ষিণের টঙ্গা—এদের আর উন্নতি হোলো না; সেই

চারখানি টঙ্গা নিয়ে ইন্দোরের সেই ধূলি-ধূসর পথ দিয়ে রাঙ্গা ধূলি উড়িয়ে চলতে লাগলাম। প্রাসাদের সম্মুখে গিয়ে সিংহদ্বার দেখে আমাদের কেমন যেন একটু অভক্তির উদয় হলো। ইন্দোর মহারাজের রাসভবনের সিংহদ্বার—আমরা মনে করেছিলাম কি যেন এক বৃহৎ ব্যাপার। ও হরি, এ একেবারে কলিকাতার বেলভেডিয়ারের লাটভবনের সিংহদ্বারের একটা নিকৃষ্ট অনুকরণ! মনটা সত্যসত্যই দমে গেল। বিশেষতঃ মহারাজ তুকাজী রাও হোলকার সম্বন্ধে এত অপ্রীতিকর ঘটনা এই কয় বছরের ভিতরে ঘটেছে যে, সেই মমতাজ বেগম, বাওলা-হত্যা, আমেরিক্যান রমণীকে জেতে তুলে দির্শী নামকরণ করে বিবাহ, প্রভৃতি ব্যাপারে আমাদের মন পূর্ব্ব থেকেই একটা বিতৃষ্ণায় ভরে ছিলো। রাজবাড়ীর প্রবেশ-দ্বার দেখে সে বিতৃষ্ণা আরও বেড়ে গেল। তারপর রাজভবনে গিয়ে পাশ দেখাবামাত্র রক্ষিগণ দ্বার ছেড়ে দিল। তারা অনুরোধ করল, আমাদিগকে নগ্নপদে ও মস্তক আচ্ছাদন করে প্রাসাদে প্রবেশ করতে হবে। পদ নগ্ন করতে হবে, কিন্তু নগ্ন-শির চলবে না। শ্রীমান্ শৈলেন্দ্র এ কথা পূর্ব্বেই আমাদের জানিয়েছিলেন। আমি 'উত্তরা'র সহকারী সম্পাদক শ্রীমান্ সুরেশ চক্রবর্ত্তীর কাছ থেকে একটা গান্ধীটুপী চেয়ে নিয়ে গিয়েছিলাম। সেইটা মাথায় চড়িয়ে রাজ-ভবনের সম্মান রক্ষা করা গেল।

প্রাসাদে রাজ-পরিবারের কেহই নাই। মহারাজ তুকাজী রাও হোলকার রাজ্যত্যাগী—অথবা নির্ব্বাসিত বল্লেও হয়। তিনি তাঁর নব-পরিণীতা আমেরিক্যান সহ-ধর্ম্মিণীকে নিয়ে এখন না কি ফ্রান্সে বসবাস করছেন। এই সহ-ধর্ম্মিণীর সেখানে একটি কন্যাসন্তানও হয়েছে। সিংহাসনের অধিকারী মহারাজ তুকাজী রাওএর পত্র মহারাজকুমার

সবগুলি ঘরই ইটালীয়ান মার্ব্বেল-মণ্ডিত, বহু কারুকার্য্যশোভিত। দেখলে চক্ষু জুড়িয়ে যায়। নাচঘর, দরবার-ঘর, বৈঠকখানা, শয়নঘর, স্নানের ঘর, ক্ষৌরকার্য্যের ঘর, এ যে কত, তার সংখ্যা করা যায় না। অনেকগুলি ঘরে বহুমূল্য গালিচা বিছানো; অনেক বহুমূল্য ভাল ভাল ছবি দেওয়ালে টাঙ্গানো রয়েছে। সিংহদ্বার দেখে যে অভক্তি জন্মেছিলো, প্রাসাদের অভ্যন্তর-ভাগ দেখে মনে হলো রাজপ্রাসাদ বটে! বিলাতী ও দেশী আস্‌বাবের সম্মেলনে প্রাসাদটী নয়ন-মনোহর হয়েছে। রাজা এখন পলিটিক্যাল এজেণ্টের শাসনাধীনে থাকলেও তিনি মন্ত্রিগণের সাহায্য নিয়ে রাজ্যশাসন করছেন; এবং রাজপ্রাসাদ ও অন্যান্য প্রাসাদাবলী যথারীতি সুসজ্জিত রেখেছেন।

এই প্রাসাদ থেকে যখন বেরুলাম, তখন চারটা বেজে গিয়েছে। এটি কিন্তু নূতন রাজ-প্রাসাদ; মহারাজ তুকাজী রাওএর আমলে নির্ম্মিত। এখান থেকে বেরিয়ে মহারাণী অহল্যাবাঈএর স্মৃতিমণ্ডিত পুরাতন রাজপ্রাসাদ দেখলাম। সে প্রাসাদের আর পূর্ব্বশ্রী নাই। ভেঙ্গে পড়ে নাই; কিন্তু সাজসজ্জা তেমন নাই। তবুও তা দেখবার মতন। কারণ এই প্রাসাদ থেকেই মহারাণী অহল্যাবাঈ রাজ্যশাসন করেছিলেন; এই প্রাসাদ হতেই তিনি যে অপূর্ব্ব শাসন-প্রতিভার পরিচয় দিয়েছিলেন, অনন্য-সাধারণ মহত্বের আদর্শ দেখিয়েছিলেন, ভারতের প্রসিদ্ধ তীর্থক্ষেত্র-সমূহে যে অক্ষয়-কীর্ত্তি রেখে গিয়েছেন, কেদার বদরীনাথের যে রাজপথ নির্ম্মাণ করে দিয়ে, লক্ষ লক্ষ ধর্ম্ম-পিপাসু হিন্দু নরনারীর তীর্থ-দর্শনের সুবিধা করে দিয়ে আজও শত-কণ্ঠের আশীর্ব্বাদ লাভ করছেন, কাশীর অহল্যা ঘাট যাঁর দানের সাক্ষ্য এখনও দিচ্ছে, সেই পুরাতন রাজপ্রাসাদের সম্মুখে নতজানু হয়ে প্রণাম করতে কার না

এই প্রাসাদ থেকে বেরিয়ে বড়বাজার, ছোট-বাজার প্রভৃতি দেখে বড়ই ক্লান্ত হয়ে পড়া গেল। তাই পাঁচটা বাজতেই আমরা স্কুলে ফিরে এলুম। তারপর চা ও মিষ্টান্ন-যোগ করে, সমাগত সাহিত্যিকদের সঙ্গে আলাপ পরিচয় ও পুরাতন বন্ধুদের সংবর্দ্ধনা করতেই সন্ধ্যা হয়ে এলো। তখন ডাক্তার রুদ্রেন্দ্রকুমারকে সঙ্গে নিয়ে আমি ও নরেন্দ্র আবার পদব্রজে বেড়াতে বের হলুম; এবং সহরের বাইরে মহারাণী চন্দ্রাবতী মহিলা-বিদ্যালয় পর্য্যন্ত গিয়ে ফিরে এলাম। সন্ধ্যা উত্তীর্ণ হওয়ায় বিদ্যালয়ের ভিতর যাওয়া হোলো না।

ফিরে যখন স্কুলের কাছে উপস্থিত হলাম, তখন দেখলাম, সমস্ত বিদ্যালয়টি ইলেক্‌ট্রিক আলোকমালায় সুসজ্জিত হয়েছে। তখন আর তাকে স্কুল বলে মনে হোলো না; যেন একটি মায়াপুরী। তারপর আর কি—সে দিনের মত বিশ্রাম। অনেক রাত্রি পর্য্যন্ত হিন্দু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য ও দর্শনশাখার সভাপতি শ্রীযুক্ত অনুকুলচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়দ্বয়ের কীর্ত্তন গান শুনে বড়ই আনন্দ অনুভব করা গেল।

২৬শে ডিসেম্বর বুধবার প্রাতঃকালে আর কোথাও যাওয়া হোলো না, কারণ এই দিনই সমিতির প্রথম অধিবেশন।

নানা স্থানের প্রতিনিধিগণের সঙ্গে আলাপ-পরিচয় কথাবার্ত্তায় সময় কেটে গেল। পুরুষ ও মহিলা নিয়ে প্রায় শতাবধি প্রতিনিধি তখন পর্য্যন্ত এসেছেন। আশ্চর্য্যের বিষয় এই যে, বিগত বৎসরে মীরাটে যে অধিবেশন হয়েছিলো, সেখান থেকে একজন প্রতিনিধিও আসেননি; অন্ততঃ সেবারের কার্য্য বিবরণ পাঠ করবার জন্যও একজনের আসা উচিত

কেউ বাংলা দেশ থেকে আসেননি; অথচ সম্পাদক প্রমথ বাবুর নিকা
শুনলাম, বাংলা দেশে প্রায় দুইশত সাহিত্যিককে নিমন্ত্রণ-পত্র পাঠান
হয়েছিলো। শাখা-সভাপতিগণের মধ্যে শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়
রায় সুরেন্দ্রনাথ মজুমদার বাহাদুর ও জ্ঞানেন্দ্রনাথ দাস মহাশয় উপস্থিত
হন নাই। মহিলা-সমিতির সভানেত্রী শ্রীমতী জ্যোতির্ম্ময়ী দেবী ২৭শে
তারিখের প্রাতঃকালে আসবেন ব'লে তার করেছেন।

মধ্যাহ্ন বারোটার সময় অধিবেশনের সময় নির্দ্দিষ্ট ছিল, কি
সব গুছিয়ে নিতে দেরী হয়ে গেল। অধিবেশন আরম্ভ হোলো বেল
দেড়টায়। প্রথমে কয়েকটি বালক গান গাইল। তারপর অভ্যর্থনা
সমিতির সভাপতি শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র বসু মহাশয় তাঁর অভিভাষণ
পাঠ করলেন। এই অভিভাষণটী অতি সুন্দর হয়েছিল। তারপর
স্থানীয় উকীল শ্রীযুক্ত গোপালচন্দ্র মুখোপাধ্যায়ের প্রস্তাবে ও শ্রীমান্
রুদ্রেন্দ্রকুমার পালের সমর্থনে সভাপতি মহাশয় আসন গ্রহণ করলেন।
মধ্যস্থলের মঞ্চের উপর সভাপতি ও অভ্যর্থনা-সমিতির সভাপতি
আসন ছিল। দক্ষিণ পার্শ্বের মঞ্চের উপর শাখা-সভাপতিগণে
আসন ও বামদিকে, যে সমস্ত মহিলা পর্দ্দার বাহিরে আসেন, তাঁহাদের
আসন। মঞ্চের সম্মুখে এক দিকে প্রতিনিধিগণ ও অন্য দিকে স্থানীয়
দর্শকেরা আসন গ্রহণ করলেন। গ্যালারীতে পর্দ্দার আড়ালে পর্দ্দানসীন
মেয়েদের আসন নির্দ্দিষ্ট হয়েছিল। সভা পত্র-পুষ্প-পতাকায় সুন্দর
সজ্জিত করা হয়েছিলো। দেওয়ালে মহারাজা শিবাজী রাও হোলকার
ও নির্ব্বাসিত মহারাজা তুকাজী রাও হোলকারের তৈলচিত্র পুষ্পমাল্যে
ভূষিত করা হয়েছিলো। মহারাজ তুকাজী রাওই তাঁর পিতার নামে এই

নেক প্রতিষ্ঠান উনিই করে দিয়েছেন ; অনেক সৎকার্য্যের অনুষ্ঠানও এই দ্বারায় হয়েছে।

সভাপতি মহাশয় যে অভিভাষণ পাঠ করলেন, তাতে সাহিত্যের গা মোটেই ছিল না। সে কথা তিনি তাঁর অভিভাষণেও স্পষ্টই লেছিলেন। প্রবাসী বাঙ্গালীদের উন্নতি-কল্পে কি কি করা কর্ত্তব্য, ভাপতির অভিভাষণে এই কথারই আলোচনা ছিল। সম্মেলনের পত্র 'উত্তরা'কে নাগরী অক্ষরে ছাপাবার উপদেশও তিনি দরেছিলেন। তার পর মামুলী ব্যাপার—যাঁরা না আসতে পেরে খ প্রকাশ করেছেন, তাঁদের পত্র পড়া হোলো, বিষয়-নির্ব্বাচন সমিতির দস্য নির্ব্বাচিত হোলো। তার পরই সেদিনের মত সভাভঙ্গ। সাড়ে রটায় আলোকচিত্র গৃহীত হোলো। তার পরই বিষয়-নির্ব্বাচন-মিতির কোলাহল। আমি বরাবরই এই কোলাহল থেকে দূরে কি ; তাই তখন আমরা টঙ্গা নিয়ে সহরের অন্য অংশ দেখতে গেলাম। আমরা অর্থে—নরেন্দ্র, খুলনার অজিতানন্দবাবু, বুরহানপুর কুলের শিক্ষক শ্রীযুক্ত সুধীরচন্দ্র মুখোপাধ্যায় ও আমি—এই চার জন।

ইন্দোরের প্রধান অংশ মহারাজা হোলকারের, অপর অংশ ইংরাজ গবর্ণমেণ্টের। এই ইংরাজ গবর্নমেণ্টের এলাকার মধ্যে রেসিডেন্সি। আমরা প্রথমে রেসিডেন্সির দিকেই অগ্রসর হলাম। পথে পড়লো—ইন্দোরের সর্ব্বপ্রধান ধনী স্বরূপদাসের প্রাসাদ। এ প্রাসাদ মহারাজের প্রাসাদ অপেক্ষা কোন অংশেই খাটো নয় ; বরঞ্চ উদ্যান ও বৈঠকখানা মহারাজের প্রাসাদ অপেক্ষাও অধিকতর সুন্দর। তারপরেই রেসিডেন্সির সীমানায় গিয়ে সেনানিবাস, রেসিডেণ্টের বাড়ী, ড্যালি কলেজ, ও মেডিক্যাল স্কুল দেখলাম। এই মেডিক্যাল স্কুলে প্রায় তিনশত ছেলে

শাখার অধিবেশন। তারপর কীর্ত্তন। রাত বারটা পর্য্যন্ত কীর্ত্তনই চললো।

পরদিন ২৮শে ডিসেম্বর শুক্রবার প্রাতঃকালে ইতিহাস শাখার অধিবেশন। তারপর দর্শনশাখার অধিবেশন। এই দুইটি শেষ হতেই বারটা বেজে গেল। তাড়াতাড়ি স্নানাহার শেষ করে অর্থনীতি শাখার অধিবেশন। সাড়ে তিনটায় সে শাখার অধিবেশন শেষ। তখন আবার সাহিত্য শাখার অধিবেশন। যে কয়েকটি প্রবন্ধ পড়া বাকি ছিলো, তা পড়া হয়ে গেলো। পাঁচটার সময়, বিদায় পালা আরম্ভ হলো। যথারীতি ধন্যবাদ আদান-প্রদানের পর—সপ্তম সাহিত্য সম্মেলনের অধিবেশন শেষ।

এই সম্মেলন সম্বন্ধে আমার অতি সংক্ষিপ্ত কথায় যে দু'চারটা বাদ পড়ে গিয়েছে, আমার সৌভাগ্যক্রমে মহিলা-সভার সভানেত্রী, জয়পুর-প্রবাসিনী পরম স্নেহময়ী শ্রীমতী জ্যোতির্ম্ময়ী দেবী তা পূরণ করে দিয়েছেন। তাঁর সংক্ষিপ্ত বিবরণ এইখানে উদ্ধৃত করে দিয়ে সপ্তম সাহিত্য-সম্মেলনের কথা আমি কোনও রকমে শেষ করলাম।

শ্রীমতী জ্যোতির্ম্ময়ী লিখেছেন ঃ—

"ইন্দোর পৌছতে সবচেয়ে দেরী বোধ হয় আমাদেরই হয়েছিল। কাজেই ২৬শের যা' কিছু সে আর আমরা দেখতে পাইনি। আমরা পৌছলাম ২৭শে। এদিন ছিল সাহিত্য-শাখার সভাপতি পূজনীয় শ্রীযুক্ত জলধর সেন মহাশয়ের অভিভাষণ ; তার পর অন্য প্রবন্ধ, রচনাদি পাঠ। শ্রদ্ধেয় শ্রীযুক্ত কেদারনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় একটী ছোট গল্প পাঠ করলেন, অধ্যাপক শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় তারো চেয়ে ছোট একটী লেখা পড়লেন। শ্রীযুক্ত নরেন্দ্র দেব মেঘদূতের পূর্ব্ব মেঘের কথা পড়লেন এ সব তো সময়ে মাসিক পত্রের পাতায় ভাল করে পড়তে পাওয়া যাবে

আমাদের যা' ভাল লেগেছিল,—আর ওখানকার কর্ত্তৃপক্ষ নতুন যা' করেছিলেন,—তাই আমাদের সম্মিলনীর একটুখানি কথা।

বাঙালী ওখানে খুবই কম, সম্ভবতঃ সব শুদ্ধ ৪০ জনের বেশী নেই। কিন্তু ঐ ক'টী ঘর বাঙালীতে এমন সুন্দর আতিথেয়তার বন্দোবস্ত করেছিলেন যা' সত্যই আনন্দের। প্রতিনিধিদের থাকবার জায়গা হ'য়েছিল শিবাজী রাও বিদ্যালয়ে। তার উঠোন, বাইরের মস্ত খোলা জায়গা, প্রকাণ্ড বাড়ী নিয়ে প্রতিনিধিদের স্বচ্ছন্দে থাকবার কোনোই ব্যাঘাত ঘটেনি। আর ঐ-খানেই সম্মিলনীর অধিবেশনের স্থান হওয়াতে খাওয়া শোওয়ার সঙ্গে এমন সুবিধা হয়েছিল যে অনায়াসেই সব শাখায় সব সময়ে যোগ দেওয়া চলত। শিক্ষাবিভাগের অল্প কয়েকজন বাঙালী আর ঐ বিভাগেরই দুটী মাত্র বাঙালী মহিলা শ্রীমতী দাস ও শ্রীমতী হাজরা আর স্থানীয় জনকতক পরিবার মিলে যথেষ্ট আয়াস আর প্রীতির সঙ্গে সব ব্যবস্থা করেছিলেন, যাতে সম্মিলনীর আনন্দ উপভোগে কারুর অসুবিধা না হয়। অবশ্য সেই পরিমাণ কষ্ট তাঁরা নিজেরা পেয়েছিলেন, কেননা, তাঁদের বাড়ী যাওয়ার অবসর মিলত কি না সন্দেহ।

নতুন ছিল ওখানে শিল্প-শাখার প্রদর্শনী। এটী অন্যত্র কোথাও আগে হয়নি; শুধু তার জন্যও নয়,—সম্মিলনীতে প্রাদেশিক অধিবাসীর সঙ্গে প্রবাসী বাঙালীর যে এক ভাষাভাষী না হওয়ার জন্য একটী দূরত্ব থাকে, এই সূত্রে সেটী নষ্ট হয়ে যেন একটী সার্ব্বজনীন ভাব সৃষ্টি করেছিল। এইটীই ছিল ইন্দোর কর্ত্তৃপক্ষের বিশিষ্টতা। ওখানকার প্রধান মন্ত্রী মহাশয়ের এর পৃষ্ঠপোষকরূপে উদ্বোধন করবার কথা ছিল; তিনি অসুস্থ বলে আসতে না পারায় সম্মিলনীর সভাপতি মাননীয় শ্রীযুক্ত লালগোপাল মুখোপাধ্যায় মহাশয় তার উদ্বোধন করেন। আর তাঁর অভিভাষণটী পড়া হয়। এই শিল্প-চিত্র প্রদর্শনীতে ওখানকার গণ্যমান্য অনেকেই জড়

হয়েছিলেন। উদ্বোধনের আগে 'বন্দেমাতরম্' গানটী গাওয়া হয়েছিল। বাঙালীদের সঙ্গে ও-দেশবাসী আরও এদিক ওদিকের দু'চার জনও বোধ হয় ছিলেন ; তার মাঝখানে এই গানটী যেন একটী মনোরম গাম্ভীর্য্য এনে দিয়েছিল।

শিল্প-শালাতে অনেক রকম সংগ্রহ ছিল। ছবি, রেখাচিত্র, রেশম পশমে সেলাই করা ছবি, কাগজ কাপড় আঁশ ইত্যাদি নানা রকমের শিল্প কাজে তিনটী ঘর ভরা ছিল। অনেক খ্যাতনামা চিত্রকরের অপ্রকাশিত, প্রকাশিত ছবিও ছিল। বিদেশী চিত্রকরও ছিলেন, বাঙালীও ছিলেন তার মধ্যে। তার অনেকগুলি ছবিই অত ছবির মাঝ থেকেও বারে বারে চোখকে আকর্ষণ করেছে। ওখানকার বালিকা বিদ্যালয়ের মেয়েদের আঁকা ছবি আর রেশমে তোলা ক'টী কাজও খুব সুন্দর মনে হল। কুমারী ইন্দিরা রাও ব'লে একটী ও-দেশী মেয়ে আর শ্রীমতী ইন্দিরা রায় নামে একটী মেয়ে—তাদের আঁকা ছবিটিও প্রদর্শনীতে পুরস্কার পেয়েছে। শেষেরটী কাশীর শ্রীযুক্ত ললিতমোহন সেন রায়ের ভাইঝি। এদের শেখবার সুযোগ কতখানি আছে জানিনা—কিন্তু বয়সের তুলনায় মেয়েদের অনেক ছবিই ভাল লাগল। আশপাশের কাছাকাছি জায়গা থেকেও অনেক মেয়ে তাঁদের শিল্প-কাজ ওখানে দিয়াছিলেন ; আজমীরের মেয়েরও কাজ ছিল। দু'চার জন ওখানকার মেয়েও বোধ হয় প্রদর্শনী দেখতে এসেছিলেন,—ওঁদের ঘরের মেয়েদের শিল্প-কাজও ছিল। কলিকাতা থেকে প্রসিদ্ধ চিত্র-শিল্পী শ্রীযুক্ত যতীন্দ্র-কুমার সেন মহাশয় পূজনীয় জলধর বাবুর একখানি ছবি, শ্রীযুক্ত পূর্ণচন্দ্র চক্রবর্ত্তী দুইখানি ছবি, ও শ্রীযুক্ত শিবপদ ভৌমিক দুইখানি ছবি পাঠিয়েছিলেন।

এইদিন রাত্রেই বিজ্ঞানের সভাপতি শ্রীযুক্ত মেঘনাদ সাহা মহাশয়ের

ও সঙ্গীতের সভাপতি মহাশয়ের অভিভাষণ ছিল। গান ইত্যাদিও ছিল। পরদিন সকালে বাকি শাখা ক'টীর অধিবেশন হয়।

লোক বেশী ইন্দোরে হয়নি। শুন্‌লাম তার প্রধান কারণ কংগ্রেস, আর দূর-পথের কষ্ট। মেয়ে ১০।১২ জন বিদেশ থেকে এসেছিলেন; বোধ হয় কাছাকাছি কর্ম্মস্থান থেকেও দু'চার ঘরের মেয়ে এসেছিলেন, যাদের মধ্যে অনেকগুলি চেনা মুখও দেখলাম, অনেকদিন পরে অতদূরে যাদের দেখতে পাব মনে করিনি। অনেক মেয়ে যেন ওর মাঝে বেশ আত্মীয়ার মতন হয়ে উঠেছিলেন। মনে হ'ল প্রবাসী বঙ্গ-সাহিত্য-সম্মিলনী এই দূর প্রবাসে আমাদের প্রবাসী বাঙালী সম্মিলনও হয়ে উঠেছে। যে সব কর্ম্মচারীরা মফঃস্বলের, যাঁরা একধারে একপাশে থাকেন, কাজের গতিকে তাঁদের আর তাঁদের বাটীর মেয়েদেরও এই ক্ষেত্রে দেখতে পাওয়া যায়, মেলামেশা হয়, অনেক সময় কুটুম্বিতা আত্মীয়তার সম্বন্ধ বেরিয়ে আসে। সবশুদ্ধ একটা মধুর বিষণ্ণতা মিশ্র আনন্দের মিলন হয়। ৺বিজয়ার প্রণাম আশীর্ব্বাদ অভিবাদনেও একটা মিশ্রভাবে সুখ দুঃখ থাকে, কিন্তু এতে দেখা হবে কিনা মনে হয়ে গভীরতর বিষাদে মনকে আচ্ছন্ন করে। তাই এ তিনদিনও যেন জাতীয় দুর্গোৎসবের মতনই মনে হতে লাগল।

মহিলা-সম্মিলনীতে এখানকার প্রায় সব বাঙালী মহিলাই জড় হয়েছিলেন; কিন্তু শীগ্‌গীর ফেরবার তাড়া ব'লে তাঁদের সঙ্গে আলাপের আনন্দ থেকে নিজেদের বঞ্চিত করেছি; কাজেই তাঁদের পরিচয় নেওয়াও হয়নি। মহিলা-সম্মিলনীতে একটী বেশ কথা উঠেছিল, তার সমর্থন প্রায় সব মেয়েই করলেন! তা' হচ্ছে মেয়েদের পিতৃ-সম্পত্তিতে আংশিক উত্তরাধিকার! আজমীরের একটী মহিলা এই বিষয়ে প্রস্তাব করেছিলেন। দেখলাম, অনেক মেয়েই শিক্ষা, উত্তরাধিকারের কথা, নিজেদের সুখ দুঃখের কথা, অন্তঃপুরের কোণে বসেও ভাবেন, আর আলোচনা করেন!

# ইন্দোরের ইতিহাস

প্রথমে তিন দিন মাত্র ইন্দোরে ছিলাম, আর সে তিন দিনই সাহিত্য-সম্মেলন। তারই মধ্যে একটু-আধটুকু অবকাশ ক'রে নিয়ে সহরের চারিদিক যতটা পেরেছি দেখে নিয়েছি। সে বিবরণ দিয়েছি। এবারে আর তার জের মিটাতে হবে না—এবার ইন্দোরের ইতিহাস সম্বন্ধে অল্প দুই-চারিটি কথা বল্‌ব। ইন্দোরের কথা বল্‌তে গিয়ে যদি প্রাতঃস্মরণীয়া, মহিমময়ী রাণী অহল্যা বাঈয়ের পবিত্র জীবন-কথা, তাঁর অতুলনীয় কীর্ত্তি-কাহিনী না বলি, তা হ'লে ইন্দোরের কথাই অসম্পূর্ণ থেকে যাবে। ভারতবর্ষের ইতিহাসে ইন্দোর রাজ্য যে একটা বিশিষ্ট স্থান অধিকার করে রয়েছে, সে ত রাণী অহল্যা বাঈয়ের জন্যই এবং তাঁর শ্বশুর, ইন্দোর রাজ্যের স্থাপয়িতা স্বনামধন্য বীরবর মহারাজ মলহর রাও হোলকারের জন্যই। সুতরাং বীরকেশরী মলহর রাও হোলকার ও তাঁহার পুত্রবধূ রাণী অহল্যা বাঈয়ের জীবনের ইতিহাস অতি সংক্ষেপেও না ব'লে ইন্দোরের কথা শেষ করতে পারছিনে।

ইতিহাস কথাটা শুনে কেহ যদি এখানেই পড়া শেষ করতে চান, তা হ'লে তাঁদের কাছে আমার নিবেদন এই যে, আমি যে ইতিহাস বল্‌ব, তা উপন্যাস অপেক্ষা কোন অংশে কম নয়; বরঞ্চ উপন্যাসকারও যে কথা বল্‌তে গেলে বাস্তব হবে না ব'লে একটু সঙ্কোচ বোধ করেন, ইতিহাসপ্রসিদ্ধ ইন্দোর রাজ্যের স্থাপয়িতার জীবন-কাহিনী তার চাইতেও মনোরম এবং বাস্তব ঘটনা।

আমরা যে সময়ের কথা বল্‌ছি, সে ১৬৯৩ খৃষ্টাব্দ। এই সময় হোল্

নামে একটা গ্রামে খণ্ডুজী নামে একজন ক্ষত্রিয় বাস করতেন। জাতিতে ক্ষত্রিয় হলেও তাঁর অবস্থা এমন মলিন ছিল যে, তিনি পশুচারণ ও চাষবাস ক'রে জীবিকা নির্ব্বাহ করতেন এবং তাতেও তাঁর সংসারের অভাব মিটত না। এই দরিদ্র কৃষিজীবীর ঘরে ১৬৯৩ খৃষ্টাব্দে একটী শিশু জন্মগ্রহণ করে। শিশুর নাম মলহর রাও। মলহর রাওয়ের বয়স যখন চার-পাঁচ বৎসর, তখন তার বাপ খণ্ডুজী মারা যান। এ অবস্থায় যা হয়ে থাকে, তাই হোলো; জ্ঞাতিরা নানা ছলে বিধবা ও নাবালকের যা সামান্য জমাজমি ছিল, তা আত্মসাৎ করতে লাগল। বিধবা অন্য উপায় দেখতে না পেয়ে, স্বামীর ভিটার মায়া ত্যাগ করে পিতৃহীন বালকের হাত ধ'রে খান্দেশের অন্তর্গত তলোদেঁ নামক গ্রামে তাঁর ভ্রাতা নারায়ণজীর আশ্রয় গ্রহণ করলেন। নারায়ণজী একেবারে নিঃস্ব ছিলেন না। তাঁর কিছু জমিজমা ছিল; তা ছাড়া তিনি একজন মারাঠী সামন্তের অধীনে কতকগুলি অশ্ব-সৈনিকের অধিনায়ক ছিলেন। নারায়ণজী ভগিনী ও পিতৃহীন ভাগিনেয়কে আশ্রয় দিতে বিমুখ হলেন না। তিনি মলহরের লেখাপড়া শিখাবার কোন ব্যবস্থা না করে তাকে পশুচারণে নিযুক্ত করলেন; মলহরও রাখালী করতে আরম্ভ করল।

দুই তিন বছর এই রাখালীতেই কেটে গেল। একদিন দুপুর বেলায় পশুপাল মাঠে ছেড়ে দিয়ে মলহর একটা গাছের তলায় শুয়ে ছিল। সে যখন অঘোরে ঘুমুচ্ছে, সেই সময় তার মুখের উপর রৌদ্র পড়েছিল। সেই রৌদ্রের তাপ থেকে বালককে রক্ষা করবার জন্য একটা সাপ ফণা ধরে তার মুখখানিকে আড়াল করেছিল। অন্যান্য রাখালেরা এই আশ্চর্য্য ব্যাপার দেখে ভয়ে অভিভূত হয়ে পড়েছিল, সাপটাকে তাড়িয়ে দিতে তাদের সাহস হোলো না। রোদ যখন একটু সরে গেল, সাপও তখন জঙ্গলে চলে গেল। সাপের এমন দয়ার কথা নূতন নয়, আরও

দু-দশজন সম্বন্ধে এমন গল্প শুনতে পাওয়া যায়; মলহরের মত তারাও রাখাল থেকে ভূপাল হয়েছিল।

অন্য রাখালদের মুখে এই আশ্চর্য্য ঘটনা শুনে নারায়ণজী এই ব্যাপারের কোন কারণ নির্দ্দেশ করতে না পেরে গ্রামের যিনি দৈবজ্ঞ, তাঁর কাছে গেলেন। দৈবজ্ঞ মহাশয় অনেক গণনা করে এবং বালক মলহরের করকোষ্ঠী দেখে ভবিষ্যদ্‌বাণী করলেন যে, এই ছেলে সামান্য নয়, এর ললাটে রাজযোগ লেখা আছে; মলহর দেশের রাজা হবে। নারায়ণজী কথাটা অবিশ্বাস করতে পারলেন না; শিবাজী মহারাজও ত সামান্য অবস্থা থেকেই এত বড় হয়েছিলেন! তিনি তখন মলহরকে রাখালী থেকে ছাড়িয়ে নিয়ে একটু লেখাপড়া শিখতে লাগিয়ে দিলেন। এদিকে মলহরের মনেও বিশ্বাস জন্মিল যে, সে বড়মানুষ হবে, প্রতিষ্ঠাভাজন হবে। হোলোও তাই। আঠারো বৎসর বয়সে মলহর রাও মাতুলের অশ্বারোহী সৈন্যদলে প্রবিষ্ট হলেন। তাঁর মনে তখন উচ্চ আশা বলবতী। তাঁর যোগ্যতা দেখাবার সুযোগও অবিলম্বে উপস্থিত হোলো। একটী যুদ্ধে তিনি নিজাম-উল্-মুল্‌কের একজন যুদ্ধবিশারদ সেনাপতিকে নিহত করায় তাঁর নাম চারিদিকে বেজে উঠল। তখন তাঁর মাতুল নারায়ণজী পরম সমাদরে তাঁকে নিজ কন্যাদান করলেন। মারাঠাদের মধ্যে মাতুল-কন্যাকে বিবাহ করা অশাস্ত্রীয় নয়।

মলহরের বীরত্বের কথা মারাঠা সমাজের নেতা ও অবিসম্বাদি অধিনায়ক পেশোয়া বাজীরাওয়ের কর্ণগোচর হোলো। তিনি মলহরকে নিজের সৈন্যদলে পাঁচশত সৈন্যের অধিনায়ক করে দিলেন। মাতুলের আশ্রয়ে প্রতিপালিত, মেষপালক, শৈশবে পিতৃহীন দরিদ্র বালক এখন মহাসম্মানের আসনে অধিষ্ঠিত হলেন। তখন তিনি আর মলহর রাও

রইলেন না। হোল গ্রামে যে তাঁর জন্ম হয়েছিল, সে কথা তিনি ভোলেন নাই। তাই তিনি নিজের নামের সঙ্গে 'হোলকার' কথাটা যোগ করে দিলেন। মারাঠা ভাষায় 'কার' শব্দের অর্থ অধিবাসী। মারাঠারা সকলেই নিজ নিজ নামের শেষে এমনই করে গ্রামের নামও যোগ করে থাকেন। এই মলহর রাও হোলকারই প্রসিদ্ধ হোলকার রাজ্যের প্রতিষ্ঠাতা।

যখন মানুষের অদৃষ্ট সুপ্রসন্ন হয়, তখন যে কোন্ দিক দিয়ে ভাগ্যলক্ষ্মী ঘরে প্রবেশ করেন, স্বয়ং গৃহস্থও তা জান্‌তে পারেন না; মলহর রাওয়ের তাই হোলো। তাঁর বীরত্বে ও শাসনকার্য্যে সন্তুষ্ট হয়ে বাজীরাও পেশোয়া ১৭২৮ খৃষ্টাব্দে নর্ম্মদার উত্তর কূলের বারোটী প্রদেশ তাঁকে জাগীর দিলেন। তার পর মালব দেশ নিয়ে মুসলমানদের সঙ্গে মারাঠাদের যে যুদ্ধ উপস্থিত হয়েছিল, সেই যুদ্ধে মলহর রাও এমন বীরত্ব দেখিয়েছিলেন যে, বাজীরাও তাঁকে মালব দেশের সর্ব্ববিষয়ের কর্ত্তাপদে নিযুক্ত করেন। শেষে মুসলমানদের সঙ্গে যুদ্ধে জয়লাভ করায় মলহর রাওয়ের সৈন্যদিগের ব্যয়নির্ব্বাহের জন্য বাজীরাও পেশোয়া তাঁকে ইন্দোর প্রদেশ জাগীর স্বরূপ প্রদান করেন। এই থেকেই ইন্দোর হোলকার রাজ্যের রাজধানী হয়, আর হোলগ্রামের দরিদ্র কৃষিজীবীর পুত্র সেই রাজ্যের ভাগ্যনিয়ন্তা হন। তার পর থেকে নানা বিবাদ-বিসংবাদের, নানা আত্মকলহের, নানা যুদ্ধবিগ্রহের মধ্য দিয়ে সামান্য ইন্দোর সহর ধীরে ধীরে সমৃদ্ধিসম্পন্ন নগরীতে পরিণত হয়েছে। আর আমরা সেই ইন্দোরে প্রবাসী বাঙ্গালী সাহিত্য সম্মেলন করতে গিয়েছিলাম।

মলহর রাও হোলকার বাহাদুরের অনন্যসাধারণ জীবন-কথা যদি আদ্যন্ত বল্‌তে হয়, তা হলে একটা প্রকাণ্ড পুস্তক হয়ে দাঁড়ায়। আমাদের সে কার্য্যে হস্তক্ষেপ করবার সুবিধা হবে না; যেটুকু বলা হয়েছে, তার থেকেই সকলে বুঝে নিতে পারবেন যে, মলহর রাও হোলকার

একটা মানুষের মত মানুষ ছিলেন। অতি সামান্য অবস্থা থেকে একটা রাজ্যের প্রতিষ্ঠা করতে হলে এবং তাকে মহারাষ্ট্র চক্রের মধ্যে একটা বিশিষ্ট স্থানে উপনীত করতে হ'লে যা যা দরকার, মলহর রাও সে সবই করেছেন; যুদ্ধবিগ্রহ করেছেন, দরকার হ'লে কূট-নীতির আশ্রয়ও গ্রহণ করেছেন; অত্যাচারও যে করেন নাই, এ কথাও বলা যায় না আবার এদিকে প্রজাপালন, শাসন ও সংরক্ষণে তাঁহার খ্যাতিও অসী ছিল, দয়া দাক্ষিণ্যও তাঁহার অসীম ছিল। তাঁর সমগ্র জীবন-কাহিনি যাঁরা জান্‌তে চান, তাঁদের কৌতূহল চরিতার্থের জন্য আমরা সার জ ম্যাল্‌কম লিখিত মধ্যভারতের ইতিহাসের উপর বরাত দিয়ে এ কাহিনি এখানেই শেষ করলাম।

মলহর রাওয়ের কথা বলা শেষ করলাম বলা ঠিক হোলো না; কারণ, যে মহীয়সী প্রাতঃস্মরণীয়া মহিলার, রাজেন্দ্রাণীর পবিত্র জীবন-বৃত্তান্ত বল্‌তে হবে, তিনি মহারাজ মলহর রাও হোলকারেরই পুত্রবধূ। কেমন করে এক দরিদ্র পল্লী থেকে একটী দরিদ্র পিতার কন্যাকে কোলে করে এনে মলহর রাও তাঁর পুত্রবধূ পদে বরণ করে ইন্দোরের সিংহাসনে বসিয়ে গিয়েছিলেন, তা যে মলহর রাওয়ের রাজ্যলাভ অপেক্ষাও অধিকতর ঐশ্বর্য্য লাভ, সে কথা তিনিও অস্বীকার করেন নাই; যে কেহ সে অপূর্ব্ব কাহিনী পাঠ করবেন, তিনিও অস্বীকার করতে পারবেন না;—সকলকে একবাক্যে বল্‌তে হবে, মহারাজ মলহর রাও মানুষ চিন্‌তে অদ্বিতীয় ছিলেন।

এখন যাঁহার অসামান্য জীবন-কাহিনী লিখে লেখনী পবিত্র করব তিনি ইন্দোরের দেবী-স্বরূপিণী রাণী অহল্যাবাঈ—মহারাজ মলহর রাও হোলকারের-পথে-কুড়িয়ে পাওয়া অমূল্য রত্ন!

মলহর রাও কোন স্থানে যুদ্ধ করতে গিয়েছিলেন। সেখান থেকে

ফিরবার পথে পাথরডি নামে একটী ক্ষুদ্র গ্রামে উপস্থিত হন। সেই গ্রাম-প্রান্তে একটী মন্দির ছিল; মন্দিরের সুমুখে প্রকাণ্ড সরোবর, চারিদিকে উন্মুক্ত প্রান্তর। সময়ও অপরাহ্ন। রাজা আদেশ প্রচার করলেন যে, এই সুন্দর স্থানেই তাঁরা সে দিনের মত বিশ্রাম করবেন। তাঁর সঙ্গের সৈন্যগণ সেই বিস্তীর্ণ প্রান্তরে ছাউনি করলেন। রাজা সরোবর-তীরস্থ মারুতী দেবীর মন্দিরের চত্বরে গিয়ে বসলেন।

গ্রামের মধ্যে সাড়া পড়ে গেল। সকলেই সৈন্য, গাড়ী ঘোড়া, লোক লস্কর দেখবার জন্য মারুতী দেবীর মন্দির-সম্মুখে উপস্থিত হোলো। গ্রামের যাঁরা প্রধান ব্যক্তি তাঁরা সকলেই সমাগত হয়ে রাজা মলহর রাওকে অভিবাদন করে তাঁর অনতিদূরে আসন গ্রহণ করলেন।

এই পাথরডি গ্রামে আনন্দ রাও সিন্দে নামে একজন দরিদ্র ক্ষত্রিয় বাস করতেন। তিনি দরিদ্র হলেও ধাম্মিক ও গ্রামের সকলের বিশেষ প্রীতিভাজন ছিলেন। তাঁর একটি কন্যা ছিল। গ্রামের দৈবজ্ঞ ঠাকুর এই মেয়েটীর কোষ্ঠীবিচার ক'রে বলেছিলেন, অহল্যা রাজরাণী হবে। সকলেই এ কথায় উপহাস করেছিলেন; কিন্তু ঠাকুর বিশেষ দৃঢ়তার সঙ্গেই বলেছিলেন, জ্যোতিষ গণনা যদি মিথ্যা না হয়, তা হলে এ মেয়েকে রাজরাণী হতেই হবে। গণৎকার ত ভবিষ্যদ্‌বাণী করেই খালাস, এদিকে অহল্যার দরিদ্র পিতা আনন্দরাও কন্যার বিবাহের জন্য অস্থির হয়ে পড়লেন। একমাত্র মেয়েকে তিনি তৎকালোচিত লেখাপড়া শিখিয়েছেন, গৃহকর্ম্মে নিপুণা করেছেন, অতিথি-অভ্যাগতের দেবতাজ্ঞানে সেবা করতে শিখিয়েছেন, দরিদ্র-কন্যাকে দরিদ্রের কষ্টে কাতর হতে শিখিয়েছেন। অহল্যা পরমাসুন্দরী না হ'লেও তার মুখে এমন একটা লাবণ্য ছিল যে, তাকে দেখলেই স্নেহ প্রকাশ করতে ইচ্ছা হোতো। গুণ ত মেয়ের সবই ছিল, কিন্তু আনন্দ রাওয়ের দারিদ্র্যই এত গুণের পথরোধ করে দাঁড়াল।

বিনা যৌতুকে মেয়ের বিয়ে এখনও হয় না, তখনও হোতো না। আনন্দ রাও কি ক'রবেন ?

এই সময় রাজা মলহর রাও পাথরডিতে এসে উপস্থিত হলেন। আর আর সকলের মত আনন্দ রাও-ও রাজ-সম্ভাষণে গেলেন এবং অদূরে যাহারা উপবিষ্ট ছিলেন, তাঁহার কাছে গিয়ে বস্‌লেন। গায়ে সৈন্য-সামন্ত এসেছে, রাজা এসেছেন শুনে অহল্যাও দেখতে গেল। গ্রামের বালক-বালিকারা দূর থেকে হাতী ঘোড়া দেখতে লাগল, মন্দিরের কাছে যেতে তাদের সাহস হোলো না। অহল্যা চেয়ে দেখ্‌লে যে, রাজার সুমুখে গ্রামের অনেক ভদ্রলোক ব'সে আছেন, তার পিতাও সেখানে আছেন। সে কিছুমাত্র ভয় না করে অগ্রসর হয়ে তার বাপের পাশে গিয়ে বস্‌ল।

রাজা মলহর রাও এই মেয়েটীকে নির্ভয়ে ধীরপদে আস্‌তে দেখে তার দিকে চেয়েছিলেন এবং তার লাবণ্যমাখা মুখ, অতি সহজ গতিভঙ্গী দেখেই বুঝতে পেরেছিলেন, এ মেয়ে একটী রত্ন! তিনি মেয়েটীর নাম জিজ্ঞাসা করলে সে বিনীত ভাবে বলেছিল "আমার নাম অহল্যা বাঈ, আমি পূজনীয় শ্রীযুক্ত আনন্দ রাও সিন্দের কন্যা।"

মেয়েটীর কথা শুনে এবং তার মুখশ্রী দেখে রাজা মুগ্ধ হয়ে গেলেন। তার পর গ্রামের আর দশজনের কাছে শুন্‌লেন, আনন্দ রাও তাঁরই স্বজাতি; মেয়েটীও সুলক্ষণা; গ্রামের সকলেই তাকে ভালবাসে। আনন্দ রাও দারিদ্র্য জন্য মেয়ের বিবাহের কিছুই করে উঠতে পারছেন না। রাজা সব কথা শুন্‌লেন; কিন্তু নিজের মনোভাব প্রকাশ কর্‌লেন না। রাজধানী ইন্দোরে ফিরে গিয়ে শ্রীমতী অহল্যার সহিত তাঁহার একমাত্র পুত্র ও ইন্দোর রাজ্যের ভবিষ্যৎ উত্তরাধিকারী খাণ্ডে রাওয়ের বিবাহের প্রস্তাব প্রেরণ কর্‌লেন। দরিদ্র আনন্দ রাও হাতে স্বর্গ পেলেন; গণৎকারের ভবিষ্যদ্‌বাণী সফল হোলো; ইন্দোরের রাজলক্ষ্মী দরিদ্রের পর্ণকুটীর থেকে

পরম সমাদরে, অতুল জয়োল্লাসের মধ্যে আসন গ্রহণ করলেন ; শুভদিনে শুভ-বিবাহ সুসম্পন্ন হয়ে গেল।

মাস কয়েক যেতে না যেতেই রাজা দেখ্‌তে পেলেন, তাঁর পুত্রবধূ অহল্যা অসামান্যা গুণবতী। কে বল্‌বে সে দরিদ্রের ঘরে জন্মেছিল? রাজ-অন্তঃপুরে এসে তার মনে কোন প্রকার গর্ব্বের উদয় হোলো না ; এ সব ঐশ্বর্য্য তাকে একটুও প্রলুব্ধ করতে পারল না,—এ সব যেন তার জানা চেনা। তার ব্যবহার দেখে সকলেই আশ্চর্য্য হয়ে গেল। শ্বশুর শাশুড়ীর সেবা, স্বামীর পরিচর্য্যা, পুরবাসীদিগের তত্ত্বাবধান—এ সব যেন তার পূর্ব্বেই শেখা হয়েছিল। তার পর দুই দশ দিন যেতে না যেতেই অহল্যা তার শ্বশুরের দক্ষিণ হস্ত হয়ে পড়ল ;—কি রাজকার্য্য, কি যুদ্ধবিগ্রহ, কি সাংসারিক কার্য্য, সমস্ত বিষয়েই অমন অতুল প্রতিভাশালী, বীরত্বে মহনীয় রাজা মলহর রাও স্বীকার করতে বাধ্য হলেন যে, অহল্যার ন্যায় রমণী তিনি কখন দেখেন নাই। তাই তিনি সকল ব্যাপারে, সকল কার্য্যে অহল্যার পরামর্শপ্রার্থী হলেন ; অহল্যাও শ্বশুরের সমস্ত ভার মাথায় তুলে নিলেন।

বিধাতার বিধান কে খণ্ডন করবে? অবিমিশ্র সুখ বুঝি কাহারও ভাগ্যে হয় না। কেন হয় না, তা জানিনে। কিন্তু যখন দেখি, যারা জীবনে কোন গর্হিত কাজ করে নাই ; ধর্ম্মাচরণ, জনসেবা, দরিদ্রের দুঃখ মোচনই যাদের জীবনের কার্য্য ; অকস্মাৎ তাদের মাথায় বজ্র পড়ে, তাদের আনন্দের হাট ভেঙ্গে যায়, তাদের সুখের উৎস শুকিয়ে যায়! বিশ্ববিধাতার এ কি বিধান, তিনিই জানেন। আমরা দেখে শুনে স্তম্ভিত হয়ে যাই, মোহবশে ব'লে বসি, এ বিশ্ব-বিধানে দয়া নেই—দয়া নেই। কিন্তু তখনই কে যেন অলক্ষ্যে থেকে ব'লে বসেন, ওরে মূঢ়, ভুলিস্‌নে তিনি দয়াময়—তিনি দয়াময়!

রাণী অহল্যা বাঈয়ের ভাগ্যাকাশে ঘন ঘটার সঞ্চার হোলো ;—প্রবল বেগে অকস্মাৎ অশনি-পাত হয়ে তাঁর সকল সুখের আশা নির্ম্মূল হয়ে গেল ;—তাঁর প্রিয়তম স্বামী জাঠ নামক এক দুর্দ্ধর্ষ জাতিকে দমন করতে গিয়ে যুদ্ধে প্রাণত্যাগ করলেন ;—অষ্টাদশ বৎসর মাত্র বয়সে রাজরাণী স্বামী-সুখে বঞ্চিতা হলেন—জীবনের আরম্ভ সময়েই তাঁর সুখের বাস ভেঙ্গে গেল। সম্বল মাত্র একটি পুত্র ও একটী কন্যা—আর রইলেন পুত্রশোক-কাতর রাজা মলহর রাও।

অহল্যা তখন স্বামীর চিতারোহণের সঙ্কল্প ক'রলেন। কি সুখে আর তিনি এ সংসারে বাস ক'রবেন? তাঁহার এই সঙ্কল্পের কথা রাজা মলহর রাওয়ের কর্ণগোচর হ'বামাত্র তিনি পুত্রবধূর কাছে এলেন এবং চক্ষের জল ফেল্‌তে ফেল্‌তে বল্‌লেন, মা, এ তুমি কি করতে যাচ্ছ? তুমিই যে আমার একমাত্র অবলম্বন। আমি মনে করছি, আমার অহল্যা মারা গিয়েছে, তোমাতে আমার একমাত্র পুত্র খণ্ডে রাও বেঁচে আছে। তুমিই আমার পুত্র-কন্যা সব। এ বৃদ্ধকে ফেলে তুমি কোথা যাবে মা? আমার যে আর কেহ নাই। আমি অক্ষম হয়ে পড়েছি; তুমি গেলে আমি একদিনও বাঁচব না। পিতৃহত্যা কোরো না অহল্যা!

রাজার এই কাতর বচন শুনে, অশ্রুসিক্ত নয়ন দেখে অহল্যা আর তাঁর সঙ্কল্প রক্ষা করতে পারলেন না; শ্বশুরের চরণ-যুগল বক্ষে ধারণ করে তিনি চিতারোহণ-সঙ্কল্প ত্যাগ ক'রলেন এবং সকল শোক-তাপ অন্তরের নিভৃত গুহায় স্বামীর চরণতলে সমর্পণ কোরে, ইন্দোরের রাজ্যভার গ্রহণ করলেন ;—রাজা মলহর রাও সর্ব্ব-কর্ম্ম ত্যাগ করে নির্জ্জনে ইষ্টচিন্তায় নিমগ্ন হলেন। অহল্যার শাসন এবং ক্ষমতা ও নিরপেক্ষ ব্যবহারে-দয়া-দাক্ষিণ্যের পরিচয় পেয়ে প্রজাগণ তাঁহাকে দেবীরূপে পূজা করতে লাগল। অহল্যা সন্ন্যাসব্রত অবলম্বন করে রাজকার্য্য পরিচালন ও

পুত্রকন্যাকে পালন করতে লাগ্‌লেন। কয়েক বৎসর এই ভাবে চালাবার পর রাজা মলহর রাও হোলকার পরলোকগত হলেন। যথাসময়ে পুত্র মালে রাও প্রাপ্তবয়স্ক হলে তার হাতে রাজ্যভার সমর্পণ করে রাণী অহল্যা বাঈ ধর্ম্ম-কর্ম্মে মনোনিবেশ করলেন।

কিন্তু এতেও মহা বিঘ্ন উপস্থিত হোলো; আর সে বিঘ্ন একেবারে অভাবনীয়। অহল্যার ন্যায় ধর্ম্মপরায়ণা, সর্ব্বগুণশালিনী মায়ের গর্ভে ও খাণ্ডে রাওয়ের ন্যায় পিতার ঔরষে যে মালে রাওয়ের মত নৃশংস, অত্যাচারী, ব্যসনাসক্ত সন্তান জন্মগ্রহণ করতে পারে, এ কথা কেহ ভাবতেও পারে না। এ যে কেমন করে হয়, তাও কেউ নির্দ্দেশ করতে পারেন না। মালে রাও বল্‌তে গেলে শয়তানের একটা সংস্করণ,—যেমন নিষ্ঠুর, তেমনই উচ্ছৃঙ্খল-চরিত্র, তেমনই অব্যবস্থিত-চিত্ত। তাহার জ্বালায় অহল্যা বাঈ একেবারে অস্থির হয়ে পড়্‌লেন; নানা অত্যাচার ও অবিচারের সংবাদ তাঁকে ব্যথিত করে তুলল। এমন কি, এই নরাধম পুত্র মায়ের ধর্ম্মাচরণেও বাধা দিতে আরম্ভ করল। মাতা ধর্ম্মাচরণের জন্য ব্রাহ্মণ-পণ্ডিতদিগকে আহ্বান ক'রে আনেন, আর নরাধম পুত্র তাঁহাদিগকে অপমানিত ও বিড়ম্বিত করে বিদায় করেন। এই হতভাগ্য যুবকের নানা অত্যাচারের বিস্তৃত বিবরণ আর দিতে ইচ্ছা করে না; এক কথায়, এমন নরপশু রাজসংসারে কেন, গৃহস্থের গৃহেও অতি কম দেখ্‌তে পাওয়া যায়। রাণী অহল্যা বাঈ কি করবেন? পুত্রকে নানা সদুপদেশ দেন, অশ্রু বিসর্জ্জন করেন। কিছুতেই কিছু হয় না;—মালে রাওয়ের উচ্ছৃঙ্খলতা ক্রমেই বাড়তে লাগল।

সকলেরই একটা সীমা আছে—অত্যাচার অনাচারেরও আছে। মালে রাওয়ের অদৃষ্টে সেই সীমান্তকাল উপস্থিত হোলো। সে যে কি নিদারুণ ঘটনা, তা আর কি বল্‌ব।

একজন শিল্পী মালে রাওয়ের বিরাগভাজন হয়। সে লোকটা কোন অন্যায় কাজই করে নাই; তবুও ক্রোধান্ধ হয়ে মালে রাও তার মাথা কেটে ফেলবার আদেশ দেন। সে মরবার সময় বলে যায় "আমাকে যেমন বিনা অপরাধে বধ করলে, এর শোধ আমি নেব, আমি মরেও তোমাকে ছাড়ব না।"

সেই লোকটার মৃত্যুর পরই মালে রাওয়ের মাথা খারাপ হয়ে গেল। সে দিনরাত চীৎকার করত 'ঐ সে এলো আমাকে মারতে, রক্ষা কর, রক্ষা কর!' যখন তখনই এই বিভীষিকা তাকে উন্মাদ করে ফেলত; সে সেই শিল্পীর প্রেতাত্মা দেখে ভয়ে মৃতকল্প হোতো। পুত্রের এই কঠিন রোগের উপশমের জন্য অহল্যা নানা চিকিৎসার ত্রুটী করলেন না; তা ছাড়া শান্তি স্বস্ত্যয়ন প্রভৃতি কত করলেন; প্রেতাত্মার তুষ্টি সাধনের জন্য যে যা বলল, তাই করলেন। কিন্তু কিছুতেই কিছু হোলো না; মহাপাপের মহা-প্রায়শ্চিত্ত আরম্ভ হোলো। দিন-রাত নরক-যন্ত্রণা ভোগ করতে করতে একদিন মালে রাওয়ের পাপ জীবনের লীলাখেলা শেষ হয়ে গেল। রাণী অহল্যা বাঈকে পুনরায় রাজ্যের ভার গ্রহণ করতে হোলো। তিনি আবার পূর্ব্বের অপেক্ষাও অধিকতর যোগ্যতার সহিত শাসনকার্য্য পরিচালন করতে লাগলেন। অনেকে তাঁকে পোষ্যপুত্র গ্রহণ করবার পরামর্শ দিয়েছিল; কিন্তু তিনি তখন সে পরামর্শ গ্রহণ করেন নাই। স্ত্রীলোক হোয়ে কাহারও পরামর্শ না নিয়ে এত বড় রাজ্য শাসন করছেন, শুভানুধ্যায়ীদের অনুরোধ উপেক্ষা করে দত্তকপুত্র গ্রহণে অসম্মত হলেন, কুলোকের কি ইহা প্রাণে সয়? এ কুলোকের মধ্যে দুইজন সর্দ্দার— একজন গুপ্ত শত্রু, সে প্রধান রাজকর্ম্মচারী গঙ্গাধর যশোবন্ত; আর একজন পুনার পেশোয়া মাধব রাওয়ের পিতৃব্য রাঘোবা দাদা। এই লোকটা যেমন লোভী, তেমনই ক্রূর। এই

যশোবন্তের সহিত গোপনে ষড়যন্ত্র করে রাণী অহল্যা বাঈকে পত্র লিখ্‌ল যে, তার কিছু টাকার দরকার; ইন্দোর রাজকোষ থেকে তাকে টাকা দেওয়া হোক্। অহল্যা এই ষড়যন্ত্রের কথা পূর্ব্বেই জানতে পেরেছিলেন। তিনি উত্তর দিলেন, ইন্দোরের রাজকোষের অর্থ তাঁহার নহে,ইহা ইন্দোরের প্রজাদের গচ্ছিত ধন। তিনি এই ধন দীন-দুঃখীদিগের মধ্যে বিতরণ করবার অধিকার পেয়েছেন। রাঘোবা দাদা যদি ইচ্ছা করেন, তা হলে যেদিন কাঙ্গালী-বিদায় হবে, সেদিন উপস্থিত হোলে যৎকিঞ্চিৎ ভিক্ষা পেতে পারেন।

এই কথা শুনে রাঘোবা দাদা একেবারে ক্ষেপে উঠ্‌লেন। কি, এত বড় অপমান! তখন তিনি অহল্যার দর্পচূর্ণ করবার জন্য সৈন্য সজ্জা করলেন এবং অহল্যাকে লিখে পাঠালেন যে, যুদ্ধ-ক্ষেত্রে তিনি এই অপমানের প্রতিশোধ নেবেন।

বেশ কথা! তপস্বিনী অহল্যা তখন রাজেন্দ্রাণী হলেন। চারিদিকে সংবাদ পাঠিয়ে যুদ্ধের আয়োজন করলেন; সকলকে সংবাদ দিলেন যে, এ যুদ্ধে তিনি সেনাপতির কাজ করবেন, নিজে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হবেন। তাঁর এই ঘোষণা শুনে দলে দলে লোক মহা উৎসাহে ইন্দোরের পতাকা-তলে সমবেত হতে লাগল; চারিদিকে জয়ধ্বনি উঠ্‌তে লাগ্‌ল "রাণী অহল্যা মাঈকি জয়!"

যথাসময়ে রাজেন্দ্রাণী অহল্যা যুদ্ধ-সাজে সজ্জিতা হয়ে বাণ-ভরা তূণীর ও ধনু গ্রহণ করে হস্তিপৃষ্ঠে আরোহণ করে যুদ্ধার্থে অগ্রসর হলেন। সৈন্যগণ বিপুল জয়ধ্বনি করে এই মহিষমর্দ্দিনী মূর্ত্তির সম্মুখে আভূমি প্রণত হয়ে ইন্দোরের ভাগ্য-পরীক্ষার জন্য অগ্রসর হোলো।

যুদ্ধক্ষেত্রে উপস্থিত হয়ে অহল্যা রাঘোবা দাদাকে ব'লে পাঠালেন যে, সৈন্যসামন্ত পিছনে থাকুক, তিনি সর্ব্বাগ্রে রাঘোবা দাদার সঙ্গে একাকিনী

# উজ্জয়িনী

২৮শে ডিসেম্বর সন্ধ্যার পর ইন্দোরের সম্মেলনের কাজ শেষ হবে; আমরা একটু তাড়াতাড়ি রাত্রির আহার শেষ করে, তিন চার ঘণ্টা বিশ্রামের পর রাত দুইটার গাড়ীতে উজ্জয়িনী যাত্রা করব, আগে থাকতে ব্যবস্থা ঠিক করে রেখেছিলাম। কিন্তু ভগবান এ রাত্রিতে আমাদের অদৃষ্টে নিদ্রা লেখেন নাই, ব্যবস্থা ক'রে কি হবে? সম্মেলনের কাজ শেষ হ'তেই রাত্রি দশটা বেজে গেল। তার পর সংবাদ পাওয়া গেল, সে রাত্রির আহার্য্য প্রস্তুত হ'তে খানিকটা বিলম্ব হবে; কারণ, সেটী হচ্চে সম্মেলনের বিদায়ভোজ—তার জন্য একটু বিশেষ আয়োজন হচ্চে। বিরাট ভোজে অন্য দিন আপত্তির কোন কারণ ছিল না; কিন্তু এ দিনে এমন ভোজের সদ্ব্যবহার করা ঠিক হবে না। সারারাত্রি যে জাগতে হ'বে, তা জানাই গেল। তার পর ভোর পাঁচটায় উজ্জয়িনী নেমে বেলা বারটার মধ্যে যা কিছু দেখ্‌বার, সমস্ত শেষ করে স্নানাহার অন্তে দুটোর গাড়ী ধ'রে সন্ধ্যার সময় ইন্দোরে ফিরে আস্‌তেই হবে; তার পরদিন অতি প্রত্যূষে অর্থাৎ ভোর চারটার সময় আমাদের ধারনগর ও মাণ্ডু দেখ্‌তে যাওয়ার সমস্ত আয়োজন হয়ে আছে। এ অবস্থায় বিদায়-ভোজটা হৃষ্টান্তঃকরণে উপভোগ করা গেল না।

ভোজ শেষ হতে বারটা বেজে গেল। একটার সময় স্কুল থেকে বের হ'লে দেড়টায় ইন্দোর ষ্টেসনে পৌঁছা যাবে। সুতরাং, নিদ্রার নিকট বিদায় গ্রহণ করে ঘণ্টাখানেক গল্প করেই কাটিয়ে দেওয়া গেল। তার পর

ইন্দোরের সেই হিহি-কার শীতের মধ্যে, যার যা গরম কাপড় ছিল, সব গায়ে জড়িয়ে, কম্বল কাঁধে ফেলে উজ্জয়িনী যাত্রা করা গেল।

এবার আমাদের দলে অনেক লোক। নামগুলো এখানেই বলি। ছেলেমানুষ হোলেও প্রথমে নাম করতে হবে শ্রীমান্ আনন্দমোহন বন্দ্যোপাধ্যায়ের; কারণ, উজ্জয়িনীতে গিয়ে যাঁর গৃহে আতিথ্য গ্রহণ করতে হবে এবং যিনি উজ্জয়িনী-প্রবাসী একমাত্র বাঙ্গালী, সেই পরম শ্রদ্ধাভাজন শ্রীযুক্ত হরিদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পুত্র এই আনন্দমোহন। হরিদাস বাবু সম্মেলন উপলক্ষে একদিনের জন্য ইন্দোরে এসেছিলেন; ফিরে যাবার সময় তাঁর এই পুত্রটীকে রেখে গিয়েছেন আমাদের সঙ্গে করে নিয়ে যাবার জন্য। ছেলেটীকে রেখে গিয়েও তাঁর কর্ত্তব্য শেষ হয়নি মনে করে তাঁর স্কুলের তিনটী বাঙ্গালী শিক্ষক শ্রীযুক্ত প্রভাতভানু বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রমণীমোহন বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত উমেশচন্দ্র দত্তকে সম্মেলনের শেষ দিনে আমাদের নিয়ে যাবার জন্য পাঠিয়েছিলেন। এই ত উজ্জয়িনীরই চারি মূর্ত্তি আমাদের সঙ্গী। তার পর সঙ্গী হলেন নাগপুরের ডাক্তার শ্রীযুক্ত সতীশচন্দ্র দাস, দেরাদুনের শ্রীযুক্ত সত্যভূষণ রায়, হাজারীবাগ কলেজের অধ্যাপক শ্রীযুক্ত হেমচন্দ্র মুখোপাধ্যায়, গোরখপুরের শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত দিবাকর মুখোপাধ্যায়; এ ছাড়া শ্রীমান্ নরেন্দ্র ও আমি ত আছিই; সুতরাং বল্‌তে গেলে আমাদের একটা রেজিমেণ্ট।

রাত দুইটার সময় গাড়ীতে উঠা গেল;—যিনি যে গাড়ীতে স্থান পেলেন, তিনি সেখানেই উঠে পড়লেন। ঘণ্টা দেড়েক পরেই শীতে কাঁপতে কাঁপতে ফতেহাবাদ ষ্টেসনে গাড়ী বদল করে 'ফতেহাবাদ-চন্দ্রাবতীগঞ্জ' মিটার গেজ গাড়ীতে ওঠা গেল। ভোর পাঁচটা সাঁইত্রিশ মিনিটে উজ্জয়িনী,—তখনও আঁধার কাটে নাই।

এই সেই উজ্জয়িনী! ছেলেবেলায় পিসিমার কোলের কাছে শুয়ে যে

উজ্জয়িনীর রাজা বিক্রমাদিত্যের কত কাহিনী শুনেছি—তাঁর সেই বত্রিশ সিংহাসনের গল্প, তাল-বেতালের কথা, বেতাল পঞ্চবিংশতির অপূর্ব্ব কাহিনী, তাঁর নবরত্নের সভা, আর সেই নবরত্নের শ্রেষ্ঠ রত্ন কালিদাসের কত গল্প। এই সেই উজ্জয়িনী—যেখানকার মূর্খ কালিদাস না কি উষ্ট্র বানান করতে গিয়ে একবার 'র' বাদ দিয়েছিলেন, আবার সে ভ্রম সংশোধন করতে গিয়ে 'ষ' বাদ দিয়েছিলেন; আর তারই জন্য লাঞ্ছনা ভোগ করে যেদিকে দুই চোখ গিয়েছিল, সেই দিকে গিয়ে এক বনের মধ্যে জ্ঞান-বাপীর জল খেয়ে একদিনেই মহাকবি হয়ে গিয়েছিলেন। ছেলেবেলায় সেই গল্প শুনতাম, আর মনে হোতো এক দৌড়ে উজ্জয়িনী গিয়ে সেই জ্ঞান-বাপীর জল যদি একটু খেতে পারতাম, তা হোলে আর স্কুলেও যেতে হোতো না, ভূগোলসূত্র, জ্যামিতি, ইতিহাস মুখস্থ করতে করতে হয়রাণ হবার হাত থেকে পরিত্রাণ পেতাম, মাষ্টার মশাইদের বেতের ভয় আর থাকতো না—একদিনেই মহাকবি কালিদাস হ'য়ে পড়তাম। তার পর বয়স যখন বাড়লো, মহাকবির মেঘদূতে যখন পড়লাম, বিরহী যক্ষ আষাঢ়ের নবীন জলধরকে বল্‌ছেন—

বক্রঃ পন্থা যদপি ভবতঃ প্রস্থিতস্যোত্তরাশাং
সৌধোৎসঙ্গপ্রণয়বিমুখো মাস্ম ভূরুজ্জয়িন্যাঃ।
বিদ্যুদ্দামস্ফুরিতচকিতৈস্তত্র পৌরাঙ্গনানাং
লোলাপাঙ্গৈর্যদি ন রমসে লোচনৈর্ব্বঞ্চিতোঽসি।

আমার ভ্রমণসঙ্গী শ্রীমান্ নরেন্দ্র দেব তাঁর মেঘদূত কাব্যের অনুবাদ করতে গিয়ে উপরের শ্লোকটীর যে অনুবাদ দিয়েছেন, তাও এখানে তুলে দিচ্ছি—

তুমি যে উত্তরগামী
সে কথা জানিহে আমি,
উজ্জয়িনী কোন্ পথে
জানি তাও বিধিমতে ;
চলেছো আমার কাজে
এ কথাও বুকে বাজে,
তবু বলি—কিছু বেঁকে
উজ্জয়িনী যেও দেখে।
সেখানে প্রাসাদশিরে
ভুলোনা উঠিতে ধীরে,
পুর-নারী সেথা যারা,
চকিত-নয়না তারা,
বিজলি চমকে চোখে,
আঁখি ঠারে মরে লোকে !
সে লোচন কুলবান
যদি নাহি বিঁধে প্রাণ,
জনম-জীবন তবে,
সবই সখা, বৃথা হবে !

সেখানকার পুর-ললনাদের বিদ্যুদ্দামস্ফুরিত-চকিত লোচনের বিলোল ।পাঙ্গ দর্শনে যদি তুমি চিত্ত-প্রসাদ লাভ করতে না পার, তা হোলে ।মার জন্মই বৃথা। মহাকবির এই প্রলোভন-বাণী তখন, আমিও নবীন ।ধর, আমার মনে যে ভাবের সঞ্চার করেছিল, এখন এই প্রবীণ বয়সে র ক্ষীণ স্মৃতিটুকুও নেই বল্‌লে হয়—

ভক্তজনের ভক্তি দেখে
পার্ব্বতীও তৃপ্তপ্রাণে
দৃষ্টি মেলি চাইবে সখা
নির্নিমেষে তোমার পানে।

( শ্রীমান্ নরেন্দ্র দেবের অনুবাদ )

সেকালের—সেই গৌরবোজ্জ্বল উজ্জয়িনীর শোভা-সৌন্দর্য্যের বিবরণ এই চাইতে ভাল করে কেউ কখন বলেন নি, বল্‌তে পারবেনও না ; সুতরাং আমিও ঐ কবিতা কয়টি উদ্ধৃত করে দিয়েই সে-কালের উজ্জয়িনী বর্ণনা শেষ করতে চেয়েছিলাম ; কিন্তু একটী নবীন ঐতিহাসিক বল্‌লেন, সে কি হয় ? উজ্জয়িনীর যে প্রকাণ্ড ইতিহাস আছে, মহাকবি কালিদাসের সময় যে এখনও নিঃসংশয়ে নির্ণীত হয় নি ! এ সব কথা না থাক্‌লে যে ভ্রমণ-বৃত্তান্ত নিতান্তই অসম্পূর্ণ হবে।

সুতরাং, আমার ভ্রমণের কথা আপাততঃ মুলতবী রেখে উজ্জয়িনীর বিবরণ বলাই ইতিহাস-সম্মত ব্যবস্থা।

প্রথমেই গোল লাগ্‌ল মহাকবি কালিদাসকে নিয়ে। তিনি কবে জন্ম-গ্রহণ ক'রে ভারতবর্ষকে পবিত্র করেছিলেন, তা নিয়ে দিশী-বিদেশী পণ্ডিত-সমাজে মতভেদ আছে। তার পর তিনি বাঙ্গালী, না দক্ষিণী, না পাঞ্জাবী, তা নিয়েও পণ্ডিতদের মধ্যে আলোচনা চল্‌ছে। কেহ বলেন, তিনি খাঁটি বাঙ্গালী,— এই আমাদের মুরশিদাবাদ জেলার কোন্ এক পল্লীতে না কি তিনি জন্মগ্রহণ করেছিলেন ; তাঁর লেখার মধ্য থেকে তার অনেক নজির পাওয়া যায়। যে সকল ফুল বাঙ্গালা দেশ ছাড়া আর কোথাও দেখ্‌তে পাওয়া যায় না, কালিদাস সেই সকল ফুলের কথা বলেছেন ; যে মাঙ্গলিক হুলুধ্বনি বাঙ্গালী পুরনারীরা ব্যতীত আর কোন দেশের রমণীরা

করেন না, সেই হুলুধ্বনির কথা কালিদাস উল্লেখ করেছেন; ইত্যাদি ইত্যাদি। অতএব কালিদাস বাঙ্গালী। পল্লীকবি, উজানিনিবাসী পরম স্নেহভাজন শ্রীমান্ কুমুদরঞ্জন যে তাঁর জন্মভূমি উজানিকে উজ্জয়িনী ব'লে এখনও কেন উপস্থিত করেন নাই, তার কারণ নির্দ্দেশ করতে পারছিনে। আমার ত মনে হয়, কালিদাস ইংরাজ নহেন, ফরাসী নহেন, জার্ম্মাণ নহেন—আমাদেরই ভারতবাসী হিন্দু-সন্তান; ইহাই আমাদের গৌরবের বিষয়,—তা তিনি মুরশিদাবাদেরই অধিবাসী হন, আর আমেদাবাদেরই অধিবাসী হন। তবে ঐতিহাসিকেরা এই ব্যাপার নিয়ে অনুসন্ধান-কার্য্যে বিরত হবেন না, তা জানি; কিন্তু আমার এই অকিঞ্চিৎকর ভ্রমণ-কথার মধ্যে সে গভীর গবেষণা সম্ভবও হবে না, আমার শক্তি সামর্থ্যেও কুলাবে না! আমি এই ব'লেই সন্তুষ্ট যে, কালিদাস হিন্দু, তিনি আমাদেরই দেশে জন্মগ্রহণ ক'রেছিলেন, এই আমাদের পরম গৌরবের কথা।

তার পর কালিদাস কবে জন্মগ্রহণ করেছিলেন, তা নিয়েও মতভেদ আছে, এ কথা পূর্ব্বেই বলেছি। এ গোলেরও সুন্দর মীমাংসা আমাদের বিশ্ব-কবি রবীন্দ্রনাথ ক'রে দিয়েছেন। তিনি বলেছেন—

"হায় রে কবে কেটে গেছে কালিদাসের কাল,
পণ্ডিতেরা বিবাদ করে লয়ে তারিখ সাল;
হারিয়ে গেছে সে সব অব্দ,
ইতিবৃত্ত আছে স্তব্ধ,
গেছে যদি, আপদ গেছে, মিথ্যা কোলাহল।"

অর্থাৎ কবিবর বলছেন—মেঘদূত আছে, রঘুবংশ আছে, কুমারসম্ভব

জন্মের সন-তারিখ দিয়ে আমরা কি করব? কবিশ্রেষ্ঠের যখন এই রায়, তখন সন-তারিখ নির্ণয়ের ভার প্রত্নতাত্ত্বিকের উপর দিয়ে আমিও ও-কথাটা এখানেই শেষ করতে পারি।

এইবার উজ্জয়িনী রাজ্যের ইতিহাস! সেও বহুদিন পূর্ব্বের ব্যাপার হ'লেও ইতিহাসের পৃষ্ঠা থেকে তা মুছে যায়নি। সেই ইতিহাস অতি সংক্ষেপে এখানে নিবেদন করছি।

উজ্জয়িনী রাজ্যের গোড়ার কথা জানতে পারা যায় না, সেটা ইতিহাসের আমলের বাইরে। তা হ'লেও হিন্দুরা ব'লে থাকেন যে, সৃষ্টির আদি থেকেই উজ্জয়িনী আছে। তন্ত্রে উল্লিখিত হয়েছে যে, মহাদেব সতীদেহ বাহান্ন খণ্ডে বিভক্ত করলে, সেই দেহের এক অংশ বাহুমূল এই উজ্জয়িনীতে পড়েছিল; সুতরাং ইহা একটা পীঠস্থান। তা ছাড়া বিক্রমাদিত্যের বাসস্থান ব'লেও উজ্জয়িনী প্রসিদ্ধি লাভ করেছিল।

আর্য্যগণ যখন দাক্ষিণাত্যে আগমন করেন, তখন তাঁরা এই উজ্জয়িনীতেই একটা বিশাল রাজ্য স্থাপন করেন। বৌদ্ধযুগেও উজ্জয়িনীর প্রাধান্য কম নাই; এখানে একটী বৃহৎ বৌদ্ধ বিহার ও মঠ প্রতিষ্ঠিত হয়েছিল।

উজ্জয়িনী সম্বন্ধে প্রামাণ্য ঐতিহাসিক বিবরণ পাওয়া যায় খৃষ্টপূর্ব্ব তৃতীয় শতকে। তখন উজ্জয়িনী মৌর্য্যরাজগণের অধিকারভুক্ত ছিল। এই নগরই তখন বিশাল মৌর্য্য-সাম্রাজ্যের পশ্চিমার্দ্ধের রাজধানী ছিল এবং রাজপ্রতিনিধি এখানেই বাস করতেন। মহারাজ অশোক এই উজ্জয়িনীরই রাজ-প্রতিনিধি ছিলেন এবং তাঁহার পিতার পরলোকগমনের সময় পর্য্যন্ত তিনি এই প্রদেশেরই শাসনকর্ত্তা ছিলেন।

তার পরের প্রায় পাঁচশত বছরের কোন ইতিহাসই এখন পর্য্যন্ত পাওয়া যায় নাই। খৃষ্টীয় দ্বিতীয় শতকের শেষ ভাগে উজ্জয়িনী ক্ষত্রপ রাজ্যের অন্তর্গত দেখতে পাওয়া যায়। তিন শত বৎসর এই প্রদেশ

ক্ষত্রপ রাজ্যের অধীন থাকে এবং সে সময় উজ্জয়িনী একটী প্রধান বাণিজ্য-স্থানে পরিণত হয়। খৃষ্টীয় চতুর্থ শতকের শেষভাগে উজ্জয়িনী মগধের দ্বিতীয় চন্দ্রগুপ্তের শাসনাধীন হয়।

তার পর খৃষ্টীয় সপ্তম শতকে উজ্জয়িনী কনোজরাজ হর্ষবর্দ্ধনের অধিকার-ভুক্ত হয়। ৬৪৮ খৃষ্টাব্দে হর্ষবর্দ্ধনের মৃত্যু হইলে বহুদিন পর্য্যন্ত এই প্রদেশ একেবারে অরাজক অবস্থায় থাকে। তখন চারিদিকে মারামারি কাটা-কাটি চল্‌তে থাকে। আজ একজন, আবার কয়েক বছর পরে আর একজন উজ্জয়িনী অধিকার করেন। অবশেষে এই রাজ্য প্রমারবংশীয় রাজপুত-গণের হস্তগত হয় এবং নবম হইতে দ্বাদশ শতক পর্য্যন্ত প্রমারগণই এই রাজ্যে আধিপত্য বিস্তার করতে থাকেন। এই সময় এই রাজ্যের সমৃদ্ধি এত বর্দ্ধিত হয় যে, অনেকে এই সময়েই মহারাজ বিক্রমাদিত্যের আবির্ভাব হয়েছিল ব'লে মনে করেন। কিন্তু, ঐতিহাসিকেরা এ কথা মান্‌তে সম্মত নন, কারণ ইয়োরোপীয় পণ্ডিতেরা বলেন যে, যে বিক্রমাদিত্যের সময় নবরত্নের সভা হয়েছিল এবং মহাকবি কালিদাস যে নবরত্নের এক রত্ন ছিলেন, সে যে খৃষ্টপূর্ব্ব প্রথম শতকের কথা। এই সকল পণ্ডিতের কথা কতদূর প্রামাণ্য, তা ঐতিহাসিকেরা ঠিক করুন, আমি বিশ্ব-কবির ব্যবস্থা উল্লেখ ক'রে পূর্ব্বেই সে কথা সেরে দিয়েছি।

মুসলমান ইতিহাস-লেখকগণের মধ্যে আল্‌বেরুণির ইতিহাসেই উজ্জয়িনীর নাম প্রথম দেখ্‌তে পাওয়া যায়। ১১৯৬—৯৭ অব্দে দিল্লীর বাদশা কুতবউদ্দীন এই দেশ আক্রমণ ও লুণ্ঠন করেন। দিল্লীর আর এক বাদশা আল্‌তামাস ১২৩৫ খৃষ্টাব্দে উজ্জয়িনী পুনরায় আক্রমণ করেন এবং সুপ্রসিদ্ধ মহাকালের মন্দির ও অন্যান্য বহু মন্দির ভেঙ্গে ফেলেন; এমন কি তিনি মন্দিরাদি ভেঙ্গে ও ধনরত্ন নিয়েই সন্তুষ্ট হন নি, মহাকালের শিবমূর্ত্তি না কি দিল্লীতে নিয়ে গিয়েছিলেন। খৃষ্টীয়

যে এটি গুহা নয়! কারণ, গুহার প্রবেশ-দ্বারের মতোই কৈলাসের তোরণ-দ্বারও পর্ব্বত-গাত্র ভেদ করে নির্ম্মিত হ'য়েছে। কিন্তু ভিতরে প্রবেশ করেই আমরা বিস্মিত হ'য়ে গেলুম। তোরণ-দ্বার পার হবার পরই মাথার উপর আর পর্ব্বতের চিহ্নমাত্র নেই! আকাশ দেখা যাচ্ছে।

প্রবেশ-দ্বারের বাইরের দিকে দশ অবতারের মূর্ত্তি উৎকীর্ণ রয়েছে! ভিতর দিকে উভয় পার্শ্বে পর্ব্বত-খোদিত কক্ষ বা বাসগৃহ দেখা গেল। তার পরই সম্মুখে প্রকাণ্ড এক 'কমলা'র মূর্ত্তি। পদ্মাসনা লক্ষ্মীর শিরে গজযূথ শুণ্ডের দ্বারা বারি বর্ষণ করছে।

মন্দির-প্রাঙ্গণের দক্ষিণে ও বামে দুটি বিপুলকায় ঐরাবত দাঁড়িয়ে রয়েছে। তার মধ্যে একটির অত্যন্ত ভগ্নদশা দেখে দুঃখ হ'লো। প্রাঙ্গণের সম্মুখে সুবৃহৎ নন্দীপীঠ। এটি দ্বিতল এবং মন্দির ও তোরণ-শীর্ষের সঙ্গে সেতু দ্বারা সংযুক্ত। এই নন্দীপীঠের উভয় পার্শ্বে পূর্ব্বোক্ত চতুষ্কোণ ধ্বজস্তম্ভ আছে।

নন্দীপীঠকে মন্দিরের সঙ্গে সংযুক্ত ক'রেছে যে সেতু, তার নিম্নে পরস্পর বিপরীত দিকে শিবের দুটি বড় বড় মূর্ত্তি আছে! একটি তাঁর কালভৈরব মূর্ত্তি, অপরটি মহাযোগীরূপে ধ্যানী মহেশ্বর!

ওই সেতুর উভয় পার্শ্ব দিয়ে মন্দিরের দ্বিতলে উঠবার সোপান-শ্রেণী। এই দুই সোপানের প্রাচীর-গাত্রেই একটিতে আছে রামায়ণের কাহিনী উৎকীর্ণ করা, অন্যটিতে আছে মহাভারতের কাহিনী উৎকীর্ণ করা।

দ্বিতলের উপর মন্দিরাভ্যন্তরে প্রবেশ-পথের দুই পার্শ্বে দুই শৈব দ্বারপাল গদা স্কন্ধে দণ্ডায়মান। ভিতরে একটি প্রশস্ত দালান, ৭৫ ফিট চওড়া ও ৫৪ ফিট লম্বা। এই দালানের মধ্যে বড় বড় চৌকো থাম উঠেছে ষোলটি। এই ষোলটি থাম মন্দিরের ছাদটি ধারণ করে আছে। এই দালানের পূর্ব্বপ্রান্তে গর্ভমন্দির ও বিগ্রহ-গৃহ। বিগ্রহ-গৃহ-দ্বারের

